ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



◀◀ বলিউডের সেরা ধনী অভিনেতা শাহরুখ খান, তার আয় কত?


পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

রোনালদোকে নিয়েই ▶▶ পর্তুগাল দল

পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৪৩ ● কলকাতা ● ১৯ ভাদ্র, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ০৫ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

### টিটি-কে খুনের হুমকি!

## খুনের হুমকি দিয়েছেন তৃণমূব বিধায়ক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খুনের হুমকি দিয়েছেন তৃণমূব বিধায়ক। এই ঘটনায় রেলের তরফে পশ্চিমবঙ্গের রাজ্যপাল এবং বিধানসভার স্পিকারের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে বলেও জানা গিয়েছে।এরপরই টিটি-র সঙ্গে বিধায়ক ও ওই মহিলার কথা কাটাকাটি বাধে। হট্টগোল বেঁধে যায়। ওই মহিলার কাছে টিটি তাঁর আইডি কার্ড দেখতে চান। সেখানেই পরিষ্কার হয়ে যায় যে, তিনি অন্য একজন মহিলা। এরপরই ওই মহিলাকে জরিমানা করা হয়। এদিকে অভিযোগ, কথা কাটাকাটির সময়ই ওই টিটিকে খুনের হুমকি দেন তৃণমূল বিধায়ক কানাই চন্দ্র মণ্ডল। তারপরই বিধায়কের বিরুদ্ধে অভিযোগ পত্র জমা পড়েছে রাজ্যপাল সিভি আনন্দ বোস ও বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধয়ায়ের কাছে।

অভিযোগের তির তৃণমূল বিধায়ক কানাই চন্দ্র মণ্ডলের বিরুদ্ধে। মুর্শিদাবাদের নবগ্রাম বিধানসভার বিধায়ক কানাই চন্দ্র মণ্ডল।অভিযোগ, সোমবার মালদা-হাওড়া ইন্টারসিটি

এরপর ৩ পাতায়

### নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের কারামন্ত্রী

## চন্দ্রনাথ সিনহাকে ইডির তলব



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** শিক্ষা দুর্নীতি মামলায় রাজ্যের কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে বুধবার তলব করল ইডি। এদিন সকাল সাড়ে দশটা নাগাদ তিনি সিজিও কমপ্লেক্সে ইডির দপ্তরে আসেন। নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার হওয়া কুন্তল ঘোষের ডায়েরিতে যে ১০০ জনের বেশি নাম রয়েছে তার মধ্যেই মন্ত্রী চন্দ্রনাথ সিনহার নাম রয়েছে। যদিও আগে ইডির তরফ থেকে মন্ত্রীর বাড়িতে তল্লাশি চালিয়ে নগদ ৪১লক্ষ টাকা, একটি মোবাইল ফোন, বেশ কিছু ব্যাংকের নথি ও অন্যান্য নথি বাজেয়াপ্ত করা হয়েছিল। এই জন্যই রাজ্যের কারা মন্ত্রীকে ইডির দপ্তরে ডাকা হয়েছিল।

ইডির সূত্রের খবর নিয়োগ দুর্নীতি তদন্তে রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিনহার যোগ থাকায় তাঁর নাম উঠে এসেছে। যে মোবাইল ফোনটি বাজেয়াপ্ত করা হয়েছিল সেই ফোনটি এতদিন লক অবস্থায় ছিল এদিন সেই মোবাইল ফোন আনলক করা হয়। সেই ফোন থেকে একাধিক গুরুত্বপূর্ণ নথি সহ বিভিন্ন ব্যক্তিদের সঙ্গে কথোপকথন রেকর্ড, এবং হোয়াটসঅ্যাপ চ্যাট ঘেঁটে অনেক তথ্য পাওয়া যাবে বলে আশা করেছেন ইডির কর্মকর্তারা। সূত্রের খবর কারা মন্ত্রী চন্দ্রনাথ সিনার সাথে মানিক ভট্টাচার্য এবং পার্থ চট্টোপাধ্যায়ের কি সম্পর্ক ছিল তাও জানার চেষ্টা হবে। এমনকি নিয়োগ দিন দুর্নীতি মামলার সাথে কিভাবে তিনি যুক্ত হলেন সেই বিষয়েও জিজ্ঞাসাবাদ করা হবে বলে মনে করা হচ্ছে। আজ তার বয়ান রেকর্ড করা হবে বলেও জানা গেছে। প্রসঙ্গত উল্লেখ্য এর আগে নিয়োগ দুর্নীতি মামলায় ইডির আধিকারিকরা, প্রাক্তন শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ এসএসসির আধিকারিকদের জিজ্ঞাসাবাদ করার পর গ্রেপ্তার করা হয়।

### নতুন কোনও 'অপারেশনে'র ছক ছিল?

# তুরস্কে গ্রেপ্তার শীর্ষ মোসাদ কর্তা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের নতুন কোনও 'অপারেশনে'র ছক কষেছিল ইজরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ? এবার তুরস্কে গ্রেপ্তার করা হয়েছে মোসাদের আর্থিক দপ্তরের প্রধান লিরিডন রেক্সহেপিকে। তুরস্কে থাকা এজেন্টদের অর্থ পাচার করার অভিযোগ উঠেছে এই শীর্ষ কর্তার বিরুদ্ধে। সেই অর্থ দিয়ে নাকি প্যালেস্তিনীয়দের বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছিল। গাজায় হামাস বনাম ইজরায়েল যুদ্ধ শুরু হওয়ার পর থেকে তুরস্কের সঙ্গে তেল আভিভের সংঘাত বেড়েছে। গাজায় নিরীহ প্যালেস্তিনীয়দের মৃত্যু নিয়ে ইজরায়েলর প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে 'যুদ্ধপরাধি' বলে তোপ দেগেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইপ এরদোগান। রাষ্ট্রসংঘেও একাধিকবার ইহুদি দেশটির কড়া সমালোচনা করেছে তুরস্ক। এর মাঝেই ইরানে গিয়ে খুন হন হামাসের রাজনৈতিক প্রধান ইসমাইল হানিয়েহ। তার মৃত্যুতেও অভিযোগের আঙুল উঠেছিল ইজরায়েলের বিরুদ্ধে। এক আন্তর্জাতিক সংবাদমাধ্যমের রিপোর্ট অনুযায়ী ইরান সেনা দাবি করে, হানিয়েহের হত্যাকাণ্ডের পিছনে রয়েছে মোসাদ। সূক্ষ্ম অপারেশন চালিয়ে তাদেরই দুজন এজেন্ট বোমা রেখে যান। সেই বিস্ফোরণেই মারা যান হানিয়েহ। আর একাজে ইজরায়েলের গুপ্তচর সংস্থা নিয়োগ করেছিল ইরানেরই দুই নাগরিককে। বিশ্লেষকদের মতে, এবারেও হয়তো বড় কোনও অপারেশনের পরিকল্পনা ছিল মোসাদের। তার জন্যই অর্থ সরবরাহ করা হচ্ছিল। যা ছক ধরে ফেলেছে তুরস্কের গোয়েন্দা সংস্থা।বেশ কয়েকদিন ধরেই রেক্সহেপির গতিবিধির উপর নজর

এরপর ৩ পাতায়

### বিদেশি সিম থেকে

## আরজি করের কর্তাদের সারা দিনে বেশ কয়েকবার ফোন, কেন?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হাসপাতালে চিকিৎসক খুন ও ধর্ষণের পরে একটি বিদেশি সিমের মোবাইল থেকে হাসপাতালের কর্তাব্যক্তিদের কাছে বেশ কয়েক বার ফোন গিয়েছিল বলে সিবিআই সূত্রে দাবি করা হয়েছে। তদন্তকারীদের সূত্রে দাবি, ৯ অগস্ট সকাল ১০টার পর থেকে আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ চিকিৎসক এবং আর জি করের আধিকারিকদের অনেকের সঙ্গেই ওই বিদেশি নম্বর থেকে কেউ কথা বলেন।তদন্তকারীদের সূত্রে দাবি, এই সিম-ব্যবহারকারী এক জন 'প্রভাবশালী' হতেই পারেন। সরাসরি তদন্তে যুক্ত নন এমন কোনও পুলিশকর্তার ছায়াও ঘটনাক্রমের মধ্যে থাকতে পারে বলে তদন্তকারীদের সূত্রে দাবি করা হচ্ছে।

সারা দিনই ওই নম্বর থেকে এমন ফোনালাপ হয় বলে সিবিআই সূত্রের খবর। অপরাধের পরে তথ্যপ্রমাণ লোপাটের চেষ্টা বা চিকিৎসকের শেষকৃত্য

এরপর ৩ পাতায়






# উত্তেজনাপূর্ণ অফার এবং অভিজ্ঞতার সাথে উৎসবের খুশি দ্বিগুন করে,

উত্তেজনাপূর্ণ অফার এবং অভিজ্ঞতার সাথে উৎসবের খুশি দ্বিগুন করে,

ক্যাম্পেনের মূল হাইলাইটস:

- ইঞ্জিনিয়ারড ফর ইমোশন - ডিজিটাল ফিল্মগুলি বিভিন্ন প্রোডাক্টস প্রদর্শন করে যা বিভিন্ন পরিস্থিতিতে এবং আবেগের মধ্যে দিয়ে চলে, সংযোগ এবং অনুপ্রাণিত করার জন্য শব্দের শক্তি প্রদর্শন করে
- ডিজিটাল, ইন-স্টোর, এবং আউট অফ হোমস ক্যাম্পেনগুলি দেশব্যাপী চালু হয়েছে
- আঞ্চলিক প্রচার ওনাম, গণেশ চতুর্থী, এবং দুর্গা পূজা উদযাপনের সাথে সংযুক্ত
- উৎসব জুড়ে গ্রাহকদের জন্য আকর্ষণীয় অফার এবং আকর্ষক কার্যকলাপ
- উৎসবের মাসগুলিতে ইন্ডিগো ফ্লায়ারদের জন্য বিশেষ অফার
- দেশব্যাপী শীর্ষ ৫টি বৃহত্তম এয়ারপোর্টে স্ট্রাটেজিক প্রমোশনস

**শলিগুড়ি, ৩ সেপ্টেম্বর ২০২৪: নিউজ সারাদিন :** জেবিএল, একটি আইকনিক অডিও ব্র্যান্ড, তার ফেস্টিভ ক্যাম্পেন 'ইঞ্জিনিয়ারড ফর ইমোশন'-এর সূচনা ঘোষণা করতে পেরে রোমাঞ্চিত। এই ক্যাম্পেনটি জেবিএল এর প্রোডাক্টস তৈরী করার প্রতিশ্রুতির ওপর কেন্দ্র করে যেগুলি উচ্চতর শব্দের চেয়েও বেশি কিছু দেয় -এগুলি গভীর আবেগ জাগানোর জন্য ডিজাইন করা হয়েছে। আবেগ যা মেজাজ বাড়ায়, স্ব-অভিব্যক্তি এবং সত্যতার সাথে সাহায্য করে, অনুপ্রাণিত করে এবং সেইসাথে গুজবাম্পস ট্রিগার করে। ব্যতিক্রমী অডিও অভিজ্ঞতা প্রদানের উপর ফোকাস সহ অডিও উতসাহীদের লক্ষ্য করে প্রচারটি সেপ্টেম্বর থেকে নভেম্বর পর্যন্ত চলবে। জেবিএল -এর 'ইঞ্জিনিয়ারড ফর ইমোশন' ক্যাম্পেন হল কীভাবে শব্দ গভীর স্তরে প্রভাব ফেলতে এবং প্রভাবিত করতে পারে, উৎসবের মরসুমে আনন্দ, নস্টালজিয়া এবং একতাকে বাড়িয়ে দেয় তার একটি উদযাপন।

**সুপিরিয়র সাউন্ডে স্পটলাইট: প্রোডাক্ট হাইলাইট**

জেবিএল এর ফেস্টিভ ক্যাম্পেনে ফোকাস ক্যাটেগরীগুলি আপনার অডিও অভিজ্ঞতা উন্নত করতে সেট করা হয়েছে। টিডাব্লিউএস/হেডফোন সেগমেন্টে, টিউন বিম & বাডস এবং টিউন ৭৭০ এনসি উচ্চতর শব্দ এবং আরাম প্রদান করে। প্রিমিয়াম নয়েজ-বাতিল করার জন্য, লাইভ প্রো ২, লাইভ বিম ৩ এবং ট্যুর ওয়ান এম২ অতুলনীয় স্পষ্টতা প্রদান করে। বার সিরিজের সাউন্ডবারগুলি আপনার লিভিং রুমে ডলবি অ্যাটমস এবং মাল্টিবিম প্রযুক্তির সাথে সিনেমাটিক চারপাশের শব্দ নিশ্চিত করে।

"জেবিএল এ, আমরা আমাদের প্রোডাক্টগুলি শুধুমাত্র উচ্চতর শব্দ অফার করার জন্য তৈরি করি না। জেবিএল সেই আবেগের জন্য প্রকৌশলী যা উচ্চতর শব্দের উদ্রেক করে। আমাদের হেডফোন এবং টিডাব্লিউএস ইয়ারবাড আপনাদের রোমাঞ্চিত করার জন্য তৈরি করা হয়েছে। আমাদের সাউন্ডবার ব্যবহারকারীদের উত্তেজিত করে, আমাদের পার্টিবক্স এবং ব্লুটুথ স্পিকারগুলি হার্টবিট বাড়ানোর জন্য এবং পুরোনো গান পুনরায় সোনার পর মুখে হাসি ফোটানোর জন্য তৈরি করা হয়েছে। মানুষের




আবেগের উষ্ণতা, সত্যতা এবং ভিসারাল কোর দিয়ে আমরা জেবিএল -এর ইঞ্জিনিয়ারিংকে সাথে নিয়ে এসেছি।" বলেন বিক্রম খের, হারমান ইন্ডিয়ার লাইফস্টাইলের ভাইস প্রেসিডেন্ট।

**দেশব্যাপী ফেস্টিভ সিজন অফার**

ভারতের বিভিন্ন উৎসব উদযাপনের জন্য, জেবিএল এই উৎসবের মরসুমটিকে বিশেষ কনসিউমার অফারস এবং বিভিন্ন অঞ্চল জুড়ে একচেটিয়া কার্যক্রমের মাধ্যমে বিশেষ করে তুলতে প্রস্তুত। ব্র্যান্ডটি সাধ্যের সাথে আপস না করে গ্রাহকরা জেবিএল সাউন্ড উপভোগ করতে পারেন তা নিশ্চিত করার মাধ্যমে ₹৮০০০ পর্যন্ত ১৫% তাতক্ষণিক ক্যাশব্যাক সহ আকর্ষণীয় অফার নিয়ে এসেছে এবং এর রেঞ্জ জুড়ে নির্বাচিত পণ্যগুলিতে ১ ইএমআই বিনামূল্যে প্রদান করছে।

- সোশ্যাল মিডিয়া প্রতিযোগিতা এবং উপহার: জেবিএল শ্রোতাদের অংশগ্রহণকে উতসাহিত করতে এবং বিশ্বস্ত গ্রাহকদের পুরস্কৃত করার জন্য ডিজাইন করা সোশ্যাল মিডিয়া কনটেস্ট হোস্ট করবে।
- ইন-স্টোর ইভেন্ট এবং প্রচার: ক্রোমা, রিলায়েন্স ডিজিটাল, বিজয় সেলস এবং অ্যামাজন, ফ্লিপকার্ট, www.JBL.com এর মতো ইকমার্স পোর্টাল সহ ভারত জুড়ে নেতৃস্থানীয় রিটেল বিক্রেতাদের ইন-স্টোর ইভেন্ট এবং প্রচারের মাধ্যমে একচেটিয়া অভিজ্ঞতা এবং অফার দেওয়া হবে।
- এছাড়াও, জেবিএল পণ্যগুলি কুইক কমার্স পার্টনারস যেমন সুইগি এবং জেপটোর সাথে পাওয়া যাবে।
- মূল এয়ারপোর্টগুলিতে বিজ্ঞাপন এবং প্রচার: স্ট্রাটেজিক এডভার্টাইসিং এবং প্রমোশন সারা দেশের শীর্ষ এয়ারপোর্টগুলির মধ্যে ৫টিতে প্রদর্শিত হবে, যা জেবিএল -এর বিস্তৃত দর্শকদের কাছে প্রসারিত করবে।
- ইন্ডিগো ফ্লাইয়ারদের জন্য আকর্ষণীয় অফার: একটি উৎসব অফার হিসাবে, জেবিএল কিউরেটেড কিউআর কোড ইন-ফ্লাইট সহ ন্যূনতম ৫০০ক ইন্ডিগো ফ্লায়ার অফার করতে চায়, যা তারা এই উৎসব মরসুমে জেবিএল পণ্যগুলি কিনতে রিডিম করতে পারে।

**অঞ্চল-নির্দিষ্ট উদযাপন**

এই দেশব্যাপী অফারগুলি ছাড়াও, জেবিএল গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক মুহূর্তগুলির সাথে সারিবদ্ধ করার জন্য অঞ্চল-নির্দিষ্ট ক্যাম্পেন ও চালু করছে। ওনাম, গণেশ চতুর্থী এবং দুর্গা পুজোর জন্য; জেবিএল 'ইঞ্জিনিয়ারড ফর সেলিব্রেশন' থিমের অধীনে বিশেষ অফার নিয়ে আসছে। এই অফারগুলি এবং অঞ্চল-নির্দিষ্ট ব্যস্ততাগুলিকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে, জেবিএল নিশ্চিত করে যে প্রতিটি গ্রাহক ভারতে যেখানেই থাকুন না কেন ,এই উৎসবের মরসুমে নিজেদের জন্য বিশেষ কিছু পেতে পারেন।

জেবিএল তার 'হার্ট অফ সাউন্ড উইথ দ্য স্পিরিট অফ ওনাম' ক্যাম্পেনের সাথে ওনামের প্রাণবন্ত চেতনা উদযাপন করছে, যা ১৭ আগস্ট থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। ক্যাম্পেনটি নির্বাচিত পণ্যে ১৫% পর্যন্ত ক্যাশব্যাক এবং একটি ইএমআই বিনামূল্যের একচেটিয়া ডিসকাউন্ট অফার










## বাসন্তীর নিহত পরিযায়ী শ্রমিকের স্ত্রী পেলেন চাকরি!

# নিয়োগ পত্র তুলে দিলেন খোদ মুখ্যমন্ত্রী



**নুরসেলিম লস্কর, বাসন্তী : নিউজ সারাদিন :** হরিয়ানায় নিহত দক্ষিণ ২৪ পারগানা জেলার বাসন্তীর পরিযায়ী শ্রমিক সাবির মাল্লিকের স্ত্রী কে চাকরি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার বাসন্তীর নিহত ঐ পরিযায়ী শ্রমিকের পরিবারের সঙ্গে দেখা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী। এদিন নবান্নে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে আসেন ঐ নিহত পরিযায়ী শ্রমিকের স্ত্রী শাকিলা সরদার মাল্লিক ও তার চার বছরের শিশুকন্যা। আর কথা মতোই সেখানেই ঐ নিহত পরিযায়ী শ্রমিকের স্ত্রীর হাতে চাকরির নিয়োগ পত্র তুলে দেন খোদ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। নবান্ন সূত্রে জানাগিয়েছে, নিহত ঐ শ্রমিকের বাড়ি বাসন্তী ব্লকে হওয়ায় তার স্ত্রীকে বাসন্তী ব্লকের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের চাকরি দেওয়া হলো। সেখানে, প্রথমে তিনি ঐ অফিসের অ্যাটেনডেন্ট হিসাবে কাজে যোগ দেবেন এবং একবছর পর 'গ্রুপ ডি' পদে নিয়োগ করা হবে তাঁকে!

প্রসঙ্গত, গত ২৭ শে অগাস্ট হরিয়ানা রাজ্যের চরখি দাদরি জেলার অন্তগত বধড়া থানা এলাকায় কাজ করতে গিয়ে গো-মাংস ভক্ষন করার সন্দেহে স্থানীয় গো-রক্ষক কমিটির সদস্যরা পিটিয়ে খুন করে এরাজ্যের বাসন্তীর পরিযায়ী শ্রমিক সাবির মাল্লিককে বলে অভিযোগ! বিষয়টি জানতে পেরে তড়িঘড়ি মুখ্যমন্ত্রীর নির্দেশে তৃণমূলের রাজ্যসভার সাংসদ তথা রাজ্যের পরিযায়ী শ্রমিক কল্যাণ দপ্তরের চেয়ারম্যান সামিরুল ইসলামের নেতৃত্বে ঐ পরিযায়ী শ্রমিকের বাড়িতে গিয়ে তাঁর পরিবারের সঙ্গে দেখা করেন একটি প্রতিনিধি দল। সেখানে রাজ্য সরকারের তরফে পাশে থাকার বার্তা পেলেছিল ঐ নিহত পরিযায়ী শ্রমিকের পরিবার সঙ্গে তৃণমূল কংগ্রেসের সেকেন্ড ইন কামান্ড তথা ডায়মন্ড হারবাড়ের সাংসদ অভিষেক ব্যানার্জীর তরফে ৩ লক্ষ্য টাকার আর্থিক সাহায্যও করা হয় তাদেরকে। তার পর থেকে বিজেপি, আইএসএফ সহ বিরোধীদের আক্রমণের মুখে পড়ে হয় রাজ্য সরকার কে! কারণ, সরকারের তরফে কেন স্থায়ী কোন কর্ম সংস্থাণের কথা এখনো পরিবার কে জানানো হয়নি বা দেওয়া হয়নি? তার পর সোমবার সকালে সমাজ মাধ্যমে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ জানিয়েছিলেন যে, পরিবারের একজন কে সরকারি চাকরি দেওয়া হবে! সেই মতো আজ দেখা গেল নিহত ঐ শ্রমিকের স্ত্রীর হাতে চাকরির নিয়োগ পত্র তুলে দিতে মুখ্যমন্ত্রী কে। অন্যদিকে হরিয়ানা বাধড়া থানা সূত্রে খবর, ঐ ঘাটনার পরদিনে এফআইআর দায়ের করা হয়েছে এবং তদন্তে নেমে এতিমধ্যেই একাধিক অভিযুক্ত কে গ্রেফতার করেছে পুলিশ! ধৃতদের তালিকায় রয়েছে এক নাবালকও। সেই সঙ্গে হরিয়ানার মুখ্যমন্ত্রী নয়াব সিং সাইনিও এই ঘাটনার তীব্র নিন্দা করেছেন বলে সূত্রের খবর।

## সরকারি ড্রেনের কাজ সম্প্রসারণ করতে গিয়ে আহত ৪ শ্রমিক



**অভিজিৎ সাহা, নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন :** নদীয়া জেলার নবদ্বীপ শহর হেরিটেজ স্বীকৃতি হওয়ার পর থেকেই চলছে নবদ্বীপ শহরের বিভিন্ন উন্নয়নমূলক কাজ। রাস্তা, গঙ্গার ঘাট, বিভিন্ন হেরিটেজ স্বীকৃতি মঠ মন্দির সর্বত্রই চলছে নতুনত্ব করে কাজ। যানজটের হাত থেকে শহরকে মুক্ত করার জন্য রাস্তার পাশের দুদিকে থাকা হকার বন্ধুদের কথা ভেবে চলছে স্থায়ীভাবে ব্যবসা করার জন্য দোকান পাঠ তৈরীর নতুন বিল্ডিং। বর্ষাকালে বৃষ্টি আসলে পরে শহরের প্রায় সর্বত্রই জল জমে থাকে। রাধা বাজার,পাঁচমাথা মোড়, রাম সীতা পাড়া, বুড়ো শিবতলা, পৌরসভা থেকে পাঁচমাথা মোড় পর্যন্ত সর্বোত্তই জলমগ্ন হয়ে পড়ে। শহরে যাতে জল না জমে তার জন্য শুরু হয়েছে ড্রেনের সংস্কার। ছোট ড্রেন ভেঙে বড় ড্রেন তৈরি করা হচ্ছে। বউবাজার রোডের ড্রেন তৈরি হওয়ার পর শুরু হয়েছে ঢপওয়ালী মোড় থেকে রামসিতা পাড়া মোড় পর্যন্ত ড্রেন সংস্কারের কাজ। রাম সীতাপাড়ার মাঝখানে ড্রেন সংস্কারের কাজ করতে গিয়ে হঠাৎ রাস্তার পাশে থাকা পুরনো দোতলা বাড়ির বারান্দা ভেঙে রাস্তার ড্রেনের মধ্যে পড়ে। সেই ভাঙ্গা অংশ শ্রমিকদের গায়ে উপর পড়ে গুরুতরকভাবে চার শ্রমিক আহত হয়। শ্রমিকরা ওই বাড়ির পাশের রাস্তার ড্রেনের মাটি কেটে সরানোর কাজ করছিল, হঠাৎ হুরমুড় করে ওই বারান্দা ভেঙে পড়ে। আর ভেঙে পড়তেই এই বিপত্তি।

তৎক্ষণাৎ স্থানীয় বাসিন্দা সহ আরো অন্যান্য শ্রমিকরা গুরুতর আহতদের স্থানীয় নবদ্বীপ হাসপাতালে নিয়ে যায়। কারো মাথায় কপালে হাতে পায়ে চোট লেগেছে তাদের প্রাথমিক চিকিৎসা করার পর ছেড়ে দেয় একজনের অতি গুরুত্বআহত হওয়ায় তাকে হাসপাতালে ভর্তি রাখা হয়।

কৃষ্ণনগর কোতোয়ালী থানার অন্তর্গত আনন্দবাসের বাসিন্দা তথা শ্রমিক শাহজাদ মন্ডল জানান কোন কিছুই বুঝে উঠতে পারিনি হঠাৎ করে এই দুর্ঘটনা ঘটে গেল। আমরা সকলেই চিকিৎসা করে সুস্থ আছি, আরো বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারতো। এই ধরনের দুর্ঘটনা ঘটার পরে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

## প্যারা আর্চারিতে

# শীতল দেবী এবং রাকেশ কুমারের ঐতিহাসিক সাফল্য

**নয়াদিল্লি, ০৪ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** ভারতের প্যারা-অ্যাথলিটদের আন্তর্জাতিক ক্রীড়া জগতে দৃপ্ত পদচারণা অনুভূত হচ্ছে। প্যারিসে মিক্সড্ টিম কম্পাউন্ড ওপেন আর্চারি ইভেন্টে শীতল দেবী এবং রাকেশ কুমার ব্রোঞ্জ পদক জিতেছেন। তাঁদের এই জয় ভিন্নভাবে সক্ষমদের ক্রীড়া জগতে ভারতের সাফল্যকে আরও উজ্জ্বল করে তুলেছে।

শীতল দেবী জম্মু ও কাশ্মীরের কিস্তওয়ারে ২০০৭ সালের ১০ জানুয়ারি জন্মগ্রহণ করেন, জন্মের সময়ই তাঁর হাত ছিল না। কিন্তু, এই প্রতিবন্ধকতা তাঁকে দমিয়ে রাখতে পারেনি। ২০১৯ সালে ভারতীয় সেনাবাহিনীর একটি শিবিরে যখন তাঁর সম্পর্কে জানতে পারা যায়, তখন তাঁর সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য প্রতিরক্ষা দপ্তর সচেষ্ট হয়। তাঁকে চিকিৎসার পাশাপাশি লেখাপড়া করতে সাহায্য করা হয়। বিখ্যাত কোচ কুলদীপ বেদবানের প্রশিক্ষণে শীতল নিজেকে বিশ্বের সেরা প্যারা আর্চারে উন্নীত করেন। ২০২৩ সালের এশিয়ান প্যারা গেমস্ - এ ব্যক্তিগত এবং দলগত পর্যায়ে স্বর্ণ পদক জয়, ওয়ার্ল্ড আর্চারি প্যারা চ্যাম্পিয়নশিপে রৌপ্য পদক জয় এবং এশিয়ান প্যারা চ্যাম্পিয়নশিপে বেশ কয়েকটি পদক জয় করে শীতল সাফল্যের শীর্ষে পৌঁছান। তিনি সাহস, অধ্যবসায় এবং অনড় মনোভাবের জন্য পরিচিত।

জম্মু ও কাশ্মীরের কাটরায় ১৯৮৫ সালের ১৩ জানুয়ারি রাকেশ কুমারের জন্ম। ২০১০ সালে এক দুর্ঘটনার কারণে রাকেশ শারীরিক প্রতিবন্ধকতার শিকার হন। তিনি হুইল চেয়ার ব্যবহার করতে বাধ্য হন। ২০১৭ সালে শ্রীমাতা বৈষ্ণোদেবী শ্রাইন বোর্ড স্পোর্টস্ কমপ্লেক্সে তিরন্দাজির সঙ্গে পরিচিত হওয়ার পর তাঁর জীবন বদলে যায়। আর্থিক সঙ্কট সত্ত্বেও কোচ কুলদীপ কুমারের প্রশিক্ষণে রাকেশ ভারতের প্রথম সারির প্যারা আর্চার হিসেবে প্রতিষ্ঠিত হন। ২০২৩ সালে বিশ্ব আর্চারি প্যারা চ্যাম্পিয়নশিপে মিক্সড্ টিম ইভেন্টে স্বর্ণ পদক জয় এবং এশিয়ান প্যারা গেমস্-এ উল্লেখযোগ্য সাফল্য দেশকে গর্বিত করে। রাকেশের গল্প বিভিন্ন প্রতিকূলতার মধ্যেও সাফল্য অর্জনের। প্যারিসে অনুষ্ঠিত প্যারালিম্পিক্সে শীতল দেবী এবং রাকেশ কুমার দুর্দান্ত ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন করেছেন। মিক্সড্ টিম কম্পাউন্ড ওপেন আর্চারি ইভেন্টে তাঁরা বিশ্বের প্রথম সারির প্যারা আর্চারদের কাছে প্রবল প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হন। শীতল এবং রাকেশ জুটি ইতালির ইলিওনোরা সারতি এবং মাত্তিও বোনাসিনার বিরুদ্ধে এক উত্তেজনাপূর্ণ খেলায় ব্রোঞ্জ পদক জয়লাভ করেন। ফাইনালে ভারতীয় তিরন্দাজরা ১৫৬ পয়েন্ট সংগ্রহ করেন, যার মাধ্যমে তাঁদের দক্ষতা প্রদর্শিত হয়েছে।

২০২৪ সালের প্যারিস প্যারালিম্পিক্সে শীতল দেবী এবং রাকেশ কুমারের সাফল্য অধরাই থেকে যেত, যদি না ভারত সরকার তাঁদের সহায়তা করতো। টার্গেট অলিম্পিক পোডিয়াম স্কিম (টপস্) কর্মসূচির আওতায় উভয়েই আর্থিক সহায়তা পেয়েছেন। এর ফলে, তাঁরা উন্নত প্রশিক্ষণ এবং ক্রীড়া সরঞ্জাম ব্যবহারের সুযোগ পেয়েছেন। শীতল থাইল্যান্ড, সংযুক্ত আরব আমিরশাহী, চেক প্রজাতন্ত্র, চীন ও ফ্রান্সে প্রশিক্ষন পেয়েছেন। হুইল চেয়ারে খেলাধূলার সরঞ্জাম পেতে রাকেশেরও সুবিধা হয়েছে। সোনিপথে সাই-এর জাতীয় প্রশিক্ষণ শিবিরে যোগদানের ফলে তাঁদের দক্ষতার বিকাশ ঘটেছে। মাত্র ১৭ বছর বয়সে ভারতের কনিষ্ঠতম প্যারালিম্পিক্স পদকজয়ী শীতল এবং ৩৯ বছর বয়সী রাকেশ ক্রীড়া জগতে অনুপ্রেরণার উৎস।

---

১-ম পাতার পর

# টিটি-কে খুনের হুমকি! খুনের হুমকি দিয়েছেন তৃণমূব বিধায়ক

এক্সপ্রেসে উঠেছিলেন বিধায়ক। ট্রেন নম্বর ১৩২৬৬। অভিযোগ, বিধায়কের সঙ্গে স্ত্রীর 'নাম' নিয়ে ঘুরছিলেন অন্য এক মহিলা। তাঁরা ১ নম্বর কোচে যাতায়াত করছিলেন। এখন টিটি টিকিট চেক করার সময় দেখেন যে, বিধায়কের স্ত্রীর বয়স বেশি। কিন্তু বিধায়কের সঙ্গে থাকা মহিলার বয়স কম। এরপরই টিটি তাঁকে 'চার্জ' করেন।

---

১-ম পাতার পর

# বিদেশি সিম থেকে আরজি করের কর্তাদের সারা দিনে বেশ কয়েক বার ফোন, কেন?

তড়িঘড়ি করার নেপথ্যে সেই নম্বরব্যবহারকারীর ভূমিকাআছে কি না, তা এখন দেখছেন কেন্দ্রীয় গোয়েন্দারা। তদন্তকারীদের সূত্রে দাবি, বিদেশি সিম ব্যবহার করলে সাধারণত গ্রাহকের নাম-ঠিকানা পাওয়া সম্ভব হয় না। কারণ, বিদেশের সার্ভিস প্রোভাইডার গ্রাহকের তথ্য প্রকাশ করে না। সিবিআইয়ের এক কর্তা বলেন, 'বিদেশে গিয়ে মোবাইল ফোনের হ্যান্ডসেটে প্রিপেড সিম ভরা হয়। এবং তা এ দেশে এনে ব্যবহার করা হয়। এ দেশে বিভিন্ন তদন্তে এমন ভিন্‌দেশি সিম কাজে লাগানোর কৌশল দেখা গিয়েছে।'ওই কর্তার কথায়, ''আর জি কর হাসপাতালের ক্ষেত্রে বিদেশি সিমটি দুবাই বা বাংলাদেশ থেকে নিয়ে আসা হতে পারে। ওই সিমের নম্বরটি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে পাঠানো হয়েছে। কার নামে সিমটি কোথা থেকে নেওয়া হয়েছিল, তা বোঝার চেষ্টা করা হচ্ছে। ভিনদেশি প্রিপেড সিমে সাধারণত এককালীন মোটা টাকা ভরা হয়। তা ফুরিয়ে গেলে, ফের ব্যবহারের জন্য বিদেশে গিয়েই সিম রিচার্জ করতে হয়। কোনও অপরাধের পর সিমটাই হাপিস করে দেওয়া হয়েছে বলে এর আগে দেখা গিয়েছে।'

তদন্তকারীদের সূত্রে দাবি, তরুণী চিকিৎসকের মৃতদেহ থেকে তদন্তের জন্য নমুনা সংগ্রহ থেকে শেষকৃত্য অনেক কিছু নিয়েই প্রশ্ন রয়েছে। বহু ক্ষেত্রে ঠিক পদ্ধতি মানা হয়নি বলে অভিযোগ। তদন্তে বাধা সৃষ্টির মতলব ছিল কি না, তা-ও সিবিআই খতিয়ে দেখছে। এক তদন্তকারী অফিসার বলেন, "প্রাথমিক পর্যায়ে মনে হচ্ছিল, তাড়াহুড়ো করতে গিয়ে কিছু ভুলত্রুটি হয়েছিল। এখন মনে হচ্ছে, গুলিয়ে দেওয়ার খেলায় কোনও পাকা মাথার অস্তিত্ব কষ্টকল্পিত নয়।'

---

১-ম পাতার পর

# নতুন কোনও 'অপারেশনে'র ছক ছিল? তুরস্কে গ্রেপ্তার শীর্ষ মোসাদ কর্তা

রাখছিল তুরস্কের গোয়েন্দা সংস্থা এমআইটি।

সংবাদ সংস্থা রয়টার্স সূত্রে খবর, গত ২৫ আগস্ট তুরস্কে প্রবেশ করেন রেক্সহেপি। তার পর থেকেই তাঁর গতিবিধির উপর নজর রাখছিল এমআইটি। অবশেষে গত ৩০ আগস্ট ইস্তাম্বুল পুলিশের হাতে গ্রেপ্তার হন রেক্সহেপি। এই গ্রেপ্তারির পর বিবৃতি দিয়ে এমআইটি জানায়, 'তুরস্কে প্রবেশের পর থেকে রেক্সহেপিকে কড়া নজরদারিতে রাখা হয়েছিল। তাঁর বিরুদ্ধে পূর্ব ইউরোপের দেশগুলো বিশেষ করে কসোভো থেকে তুরস্কে মোসাদের এজেন্টদের কাছে অর্থ স্থানান্তর করার অভিযোগ রয়েছে। রেক্সহেপির দেওয়া অর্থ সিরিয়ায় গোয়েন্দাদের তথ্য সংগ্রহ, প্যালেস্তিনীয়দের বিরুদ্ধে অভিযান ও ড্রোন হামলার জন্য ব্যবহৃত হত।' যদিও এনিয়ে এখনও পর্যন্ত মোসাদ কিংবা ইজরায়েল মুখ খোলেনি।চলতি বছরের জানুয়ারিতে ইজরায়েলের হয়ে চরবৃত্তির অভিযোগে ৩৩ জনকে গ্রেপ্তার করে তুরস্কের প্রশাসন।

---

## শীর্ষ আদালতের নির্দেশকে অমান্য করে অভয়ার নাম প্রকাশে আনায়

# পুলিশ কমিশনার বিনিত গোয়েলের নামে হাইকোর্টে মামলা দায়ের আইনজীবীর

**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** দেশের শীর্ষ আদালতের নির্দেশকে অমান্য করে 'তিলোত্তমা'র নাম সংবাদ মাধ্যমকে জানিয়েছেন পুলিশ কমিশনার বিনীত গোয়েল। আর সেই অভিযোগ জানিয়ে পুলিশ কমিশনারের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন এক আইনজীবী। এরফলে আরো উদ্বেগ বাড়লো বিনীত গোয়েলের। আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় জুনিয়র ডাক্তারকে ধর্ষণ এবং নৃশংসভাবে খুনের ঘটনায় বাংলা সহ গোটা দেশ তোলপাড়। আর জি কর ঘটনায় অপরাধীদের শাস্তির দাবিতে দলে দলে সাধারন মানুষ পথে নেমেছেন। পাশাপাশি গণতন্ত্রের আওয়াজ আরও জোরালো হয়েছে। এমনকি যে পুলিশ কমিশনারের পদত্যাগ চেয়ে জুনিয়র ডাক্তাররা ২রা সেপ্টেম্বর থেকে অবস্থান বিক্ষোভ চালিয়েছেন শুধু তাই নয় খোদ বিনিত গোয়েলের হাতেই তার পদত্যাগের দাবি তুলে দিয়ে এসেছেন জুনিয়ার ডাক্তাররা সেই বিনীত গোয়েলই সংবাদমাধ্যমের কাছে তিলোত্তমার নাম প্রকাশ্যে আনায় বিতর্ক সৃষ্টি হয়েছে।

যেখানে ভারতীয় দণ্ডবিধি এবং ন্যায়সংহতিতে স্পষ্টভাবে বলা হয়েছে নির্যাতিতার নাম এবং পরিচয় আনা শাস্তিযোগ্য অপরাধ। এই বিষয়ে নির্দেশের পরেও নির্যাতিতার নাম উল্লেখ। যেখানে শীর্ষ আদালতের নির্দেশ রয়েছে এরপরেও পুলিশ কমিশনার সেটি অগ্রাহ্য করে নাম জানিয়েছেন মিডিয়াকে। আর সেই অভিযোগ জানিয়ে কলকাতা পুলিশ কমিশনার এর পদত্যাগ চেয়ে মামলা করার আর্জি আইনজীবী অমৃতা পান্ডের।

এই বিষয় প্রধান বিচারপতির প্রশ্ন বৃহস্পতিবার সুপ্রিম কোর্টে এই সংক্রান্ত মামলা রয়েছে। সেখানে কেন জানাচ্ছেন না? আপাতত মামলা যখন শীর্ষ আদালতে বিচারাধীন তখন হাইকোর্টে এই সংক্রান্ত মামলার শুনানি হবে না। কিছুদিন অপেক্ষা করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

মামলাকারী আইনজীবী অমৃতা পান্ডের প্রশ্ন সুপ্রিম কোর্টের

---

# অবস্থান বিক্ষোভ ধর্না কর্মসূচি চলছে গাজোলে

**মালদা : নিউজ সারাদিন :** মালদার গাজোলে ভারতীয় জনতা পার্টির পক্ষ থেকে এদিন বুধবার গাজোলে ব্লক ক্যাম্পাসের সামনে অবস্থান বিক্ষোভ ধর্না কর্মসূচি চলছে গাজোল ভারতীয় বিজেপির পক্ষ থেকে।তাদের সর্বপ্রথমে গাজোলের বামনগোলা মোড় ৫১২ নং জাতীয় সড়কের থেকে একটি ধিক্কার মিছিল বের করে এই ধিক্কার মিছিল গোটা এলাকা পরিক্রমা করে।অবশেষে শতাধিক ভারতীয় জনতা পার্টির কর্মীদের নিয়ে গাজোল ব্লক ক্যাম্পাসের সামনে এসে ধরনা মঞ্চ বিক্ষোভ কর্মসূচি করেন। গাজোল বিধানসভার বিধায়ক চিন্ময় দেব বর্মন বলেন আরজি করে যে ঘটনা ঘটেছে তার পরিপেক্ষিতে জড়িত যে সকল দোষীদের সামনে নিয়ে আসতে হবে উপযুক্ত দৃষ্টান্তমূলক সাজা দিতে হবে তাই তার প্রতিবাদে সারা রাজ্যের পাশাপাশি আমাদের মালদা জেলার গাজোল ব্লকের অবস্থান ধর্ণা কর্মসূচি করে থাকি । এর পাশাপাশি মালদা জেলার বিভিন্ন ব্লকে এ কর্মসূচি হয়ে থাকে ।

---

## ভারতীয় জনতা পার্টি নবদ্বীপ পৌরসভার বিভিন্ন দুর্নীতি নিয়ে সাংবাদিক সম্মেলন



**নবদ্বীপ ,নদিয়া : নিউজ সারাদিন :** নবদ্বীপ শহর বিজেপির পক্ষ থেকে নবদ্বীপ পৌরসভার বিভিন্ন অভিযোগ নিয়ে সাংবাদিক সম্মেলন করে।

সাংবাদিক সম্মেলনের বিষয় ছিল নবদ্বীপ পৌরসভা, নবদ্বীপ রাজ্য সাধারণ হাসপাতালের প্রাচীর ভেঙে সীমানার ভেতরে অলিখিতভাবে এককালীন আড়াই লক্ষ টাকা এবং মাসিক ভাড়ার বিনিময়ে হাসপাতালের সীমানার ভেতরে কনস্ট্রাকশন করে দোকান ঘর করছে। যেটা সম্পূর্ণ অবৈধ। বিজেপির পক্ষ থেকে এর প্রতিবাদ জানিয়ে- হাসপাতালের সুপার, নবদ্বীপ লোকাল থানা, জেলা সুপারিনটেনডেন্ট অফ পুলিশ, চীফ মেডিকেল অফিসার হেলথ ডিপার্টমেন্ট কৃষ্ণনগর, জেলা পরিষদ, রাজ্য স্বাস্থ্য দপ্তর, স্টেট হোম সেক্রেটারি, নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতাল সুপারিন্টেন্ট সহ বিভিন্ন জায়গায় লিখিত অভিযোগ দায়ের করেছে। সাংবাদিক সম্মেলনে ভারতীয় জনতা পার্টির সদস্য নদীয়া জেলা দক্ষিণ আনন্দ দাস বলেন নবদ্বীপ পৌরসভার সম্মানীয় প্রগতি বিমান কৃষ্ণ সাহা সম্প্রতি হকার উচ্ছেদ করতে গিয়ে নবদ্বীপ রাজ্য সাধারণ হাসপাতালে সীমানা বরাবর প্রাচীরের গায়ে পিডব্লিউ রাস্তার ওপর হকার ভাইদের প্রথমে দোকান ভেঙ্গে দিয়ে পড়ে নবদ্বীপ পৌরসভা হাসপাতালের সীমানার প্রাচীর ভেঙে দিয়ে হাসপাতালের ভেতরের প্রায় ৫ ফুট জায়গা দখল করে কোন প্রকার বৈধ কাগজ ছাড়া এককালীন আড়াই থেকে তিন লক্ষ টাকা এবং মাসিক ভাড়ার বিনিময়ে দোকান ঘর করার লক্ষ্যে কনস্ট্রাকশনের কাজ শুরু করেছে। এটা পুরো অবৈধ। প্রতিবাদ জানায়। তিনি আরো বলেন আমরা হকার ভাইদের সঙ্গে আছি আমাদের দাবি গরীব হকার ভাইদের সম্পূর্ণ বিনামূল্যে পুনর্বাসন দিতে হবে। তৎকালীন সময়ে উক্ত হাসপাতাল প্রতিষ্ঠার সময় এই জমির জনগণের পরিষেবার জন্য সম্মানীয় স্বর্গীয় হীরালাল পাল সম্পূর্ণ বিনামূল্যে এই জমি হাসপাতালের উদ্দেশ্যে দান করেছেন,নবদ্বীপ বাসী হিসেবে আমরা তাকে সম্মান জানাই। লজ্জার বিষয় জনগণের উদ্দেশ্যে দান করা সেই জমি আজ পৌরপতি লিখিত কাগজ ছাড়া অবৈধ বিক্রি করছেন,আমরা তীব্র প্রতিবাদ করছি। এই বিষয়ে নবদ্বীপ পৌরসভার পৌরপতি বিমান কৃষ্ণ সাহা কে প্রশ্ন করা হলে তিনি তার যোগ্য জবাব দিয়ে বলেন সরকারি জায়গা সরকারিভাবে কাজ হচ্ছে, পৌরসভা সরকারি প্রতিষ্ঠান আমার ব্যক্তিগত না। হাসপাতালের জায়গায় যদি হয়ে থাকে হাসপাতাল কর্তৃপক্ষ সরকারিভাবে চিঠি করবে সরকারি ভাবে চিঠি করবে তার উত্তর তখন দেওয়া হবে। আর যে সমস্ত হকার বন্ধু জায়গা নেবেন তারা যখন বসবাস শুরু করবে তাদের কোন কাগজপত্র আছে কিনা তারা তখন বলবে। বিজেপির আসল উদ্দেশ্য উন্নয়ন করার কোন পরিকল্পনা নেই শুধু উন্নয়নকে কিভাবে স্তব্ধ করা যায় তার পরিকল্পনা করছে এরা। বিজেপির জেলা নেতৃত্ব অপর্ণা নন্দী বলেন তৃণমূল কংগ্রেস পরিচালিত নবদ্বীপ পৌরসভা, নবদ্বীপ বাসীর করের টাকা বিভিন্নভাবে নয় ছয় এবং নষ্ট করছে। তিনি বলেন বিগত ২০২৪ এর মার্চ মাসে সংবাদমাধ্যমে বিবৃতি দিয়ে বলেন পাঁচ কোটি টাকা খরচ করে পূজোর আগেই ঝকঝকে রাস্তা নির্মাণ করবেন। কিন্তু দেখা যাচ্ছে গাবতলা, বাঁধ রোড,কপালীপাড়া হয়ে নবদ্বীপ রাজ্য সাধারণ হাসপাতাল পর্যন্ত প্রায় ২ থেকে আড়াই কিলোমিটার রাস্তার হাল বেহাল হয়ে পড়েছে। যে সংস্থা এই রাস্তার বরাত পেয়েছেন তাকে পুনরায় মেরামত করে দিতে হবে নতুবা তার লাইসেন্স বাতিল করতে হবে। আর যদি সাধারণ মানুষের করের পাঁচ কোটি টাকা পুরসভা নয় ছয় করে তাহলে তদন্তপূর্বক পুরোপতির বিরুদ্ধে আইনের ব্যবস্থা নিতে হবে।

অপর্ণা নন্দী আরো বলেন নবদ্বীপ জাতীয় বিদ্যালয় (উচ্চ) বালক স্কুলের বাচ্চাদের খেলার মাঠের উপর দিয়ে পাকা ঢালাই রাস্তা এবং সুইমিং পুল নির্মাণ করতে পারে কি নবদ্বীপ পৌরসভা!

পৌরপতি বিমান কৃষ্ণ সাহা বলেন পি ডব্লিউ ডি রাস্তা কৃষ্ণনগর জেলার ব্যাপার সেই ব্যাপারটা তারা দেখবেন এখানে পৌরসভার কোনো কিছু নেই, পুরসভার যে সমস্ত রাস্তা সেগুলো পুরসভা নজর দেবে।

বিজেপির অন্যতম সদস্য শশধর নন্দী বলেন সঠিক ভাবে আবাস যোজনার বাড়িগুলো দেওয়া হচ্ছে না, অনেক গরিব মানুষ প্রধানমন্ত্রী আবাস যোজনা থেকে বঞ্চিত হচ্ছেন। যাতে গরিব মানুষরা বঞ্চিত না হন সেজন্য পৌরপতির কাছে বিশেষ ভাবে আবেদন তিনি যেন গরিবদের বঞ্চিত না করেন। পৌরসভার অন্তর্গত স্কুলগুলোতে বাচ্চাদের মিড ডে মিলের খাবারের মান ক্রমশ হ্রাস পাচ্ছে, প্রোটিন জাতীয় খাবার যেমন ডিম বা মাছ দেওয়ার কথা, সেই খাবার দেওয়া হচ্ছে না। সঠিক খাবার যাতে বাচ্চারা পায় সেদিকে নজর রাখতে হবে। সবশেষে তারা বলেন তৃণমূল কংগ্রেসের জনপ্রতিনিধি এবং নেতাদের কথায় নবদ্বীপের পুলিশ প্রশাসন বিজেপির কার্যকর্তা এবং কর্মীদের মিথ্যে মামলা এবং ধমকানি চমকানি দিয়ে ভয় দেখানোর চেষ্টা করছে। সেই সমস্ত বিষয়ে সুরাহা পেতে তাই সংবাদমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করছেন বলে তারা জানান। সমস্ত তথ্যের উত্তরে পৌরপতি বিমান কৃষ্ণ সাহা বলেন, নবদ্বীপ পৌরসভা সব সময় জনসাধারণের সঙ্গে যুক্ত। জনসাধারণের সেবামূলক কাজ করাই একমাত্র পৌরসভার ধর্ম। পৌরসভা নবদ্বীপ শহরকে সর্বত্রই সুন্দরভাবে সাজিয়ে তুলতে বদ্ধপরিকর। পৌরসভা উন্নততর কাজ করছে এবং জনগণের সাথে আছে, জনগণএর বিচার দেবেন যে পৌরসভা দুর্নীতিযুক্ত না দুর্নীতিমুক্ত।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৪৩ সংখ্যা ০৫ সেপ্টেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ১৯ ভাদ্র, ১৪৩১

## কলকাতার পাঁচতারা হোটেলে সংগীতশিল্পীর শ্লীলতাহানির অভিযোগ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ এবং খুনের ঘটনায় কলকাতা সহ সমগ্র দেশ যখন প্রকৃত অপরাধীর শাস্তির দাবিতে সোচ্চার, বিক্ষোভ, আন্দোলনে উত্তাল পরিস্থিতি, বিচারের দাবিতে একের পর এক রাত জাগছেন মহিলারা। আর এরই মধ্যে শহরের এক বিলাসবহুল হোটেলে প্রখ্যাত এক সংগীত শিল্পীর শ্লীলতাহানির অভিযোগ ওঠে।

সর্বভারতীয় এক জনপ্রিয় গানের প্রতিযোগিতার ফাইনালিস্ট ছিলেন ওই সংগীতশিল্পী। মঙ্গলবার এক বন্ধুর জন্মদিনে শহরের একটি পাঁচ তারা হোটেলে যান ওই শিল্পী এবং তার বোন। সেখানেই এক ব্যক্তি হঠাৎ করে তাদের অশ্লীলভাবে স্পর্শ করতে থাকেন বলে অভিযোগ। এমনকি শুধু তাই নয় ওই সংগীত শিল্পী অভিযোগ করেছেন অভিযুক্ত ব্যক্তি তার সাথে ঘনিষ্ট হবার চেষ্টা ও করেন। অভিযুক্ত ওই ব্যক্তি হোটেলের মধ্যে একের পর এক অপরাধ ঘটান বলেও অভিযোগ। সংশ্লিষ্ট ওই সংগীত শিল্পী অভিযোগ করেছেন ওই অনুষ্ঠানে একজন গান গাইছিলেন। তাকে ও নানাভাবে হেনস্তা করা হয়েছে। তাদের এক বন্ধু স্ত্রীকে নাচের প্রস্তাব ও অভিযুক্তরা দেন বলে দাবি করেছেন তিনি। এই নিয়ে তীব্র চাঞ্চল্য তৈরি হয়েছে। হোটেলে নিরাপত্তায় থাকা কর্মীদেরও বিষয়টি জানানো হয়েছে। যা নিয়ে তীব্র উত্তেজনা ছড়িয়েছে। স্থানীয় প্রগতি ময়দান থানার পুলিশকেও খবর দেওয়া হয়েছে।

অভিযোগকারী সংগীতশিল্পী দাবি করেছেন অভিযুক্ত দুজনকে সরিয়ে দেওয়ার চেষ্টা করেছে হোটেলের লোকজন। এমনকি সিসিটিভির ফুটেজ চাওয়া হলেও তা দেওয়া হয়নি। পুলিশ সূত্রে জানা গেছে অভিযুক্ত দুজনকেই গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে একজন ইতালিতে থাকেন,তিনি প্রবাসী ভারতীয় পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। যদিও কলকাতা পুলিশের তরফ থেকে বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে বলে জানা গেছে।

## সম্পাদকীয়

### চোরা পথে ভারতে এসে কিডনি খোয়ালেন তিন বাংলাদেশি

বর্তমানে এক রাজনৈতিক অস্থিরতার মধ্য দিয়ে চলছে বাংলাদেশ। শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে সেই দেশে হামলা বেড়েছে হিন্দুদের উপর। তার জন্য অনেকেই মরিয়া হয়ে ভারতে পালিয়ে আসতে চাইছেন। এর জন্য অনেকেই আশ্রয় নিচ্ছেন ভুয়ো মেডিক্যাল ভিসার। এরই মধ্যে, ধরা পড়ল ভারতের এক কিডনি পাচার চক্র।এই তিন বাংলাদেশির অভিযোগের ভিত্তিতে, ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারার অধীনে একটি মামলা দায়ের করেছে পুলিশ। চার্জশিট দাখিল করে তারা শুনানির প্রস্তুতি নিচ্ছে। সম্প্রতি, অঙ্গ পাচারের বেআইনি ব্যবসা নিয়ে কেন্দ্রীয় সরকারও উদ্বেগ প্রকাশ করেছে। ট্রান্সপ্লান্টেশন অব হিউম্যান অর্গান অ্যান্ড টিস্যুস অ্যাক্ট, ১৯৯৪-এর ১৮ নম্বর ধারা অনুযায়ী, এই ধরনের অপরাধে ২০ লক্ষ থেকে ১ কোটি টাকা পর্যন্ত জরিমানা এবং ৫ বছর থেকে ১০ বছরের কারাদণ্ড হতে পারে।যারা কাজের লোভ দেখিয়ে মেডিক্যাল ভিসায় বাংলাদেশিদের ভারতে এনে তাদের কিডনি কেড়ে নিত। বিনিময়ে অবশ্য সামান্য কিছু অর্থও দিত। টাইমস অব ইন্ডিয়ার এক প্রতিবেদনে, এই কিডনি চক্রের শিকার হওয়া তিন বাংলাদেশির কথা জানানো হয়েছে।তিন ব্যক্তিরই পরিচয় গোপন রাখা হয়েছে। প্রথম জনের বয়স ৩০ বছর। বাংলাদেশে তিনি কাপড়ের ব্যবসা করতেন। কিন্তু দোকানে আগুন লেগে তার পুরো ব্যবসা পুড়ে ছাই হয়ে গিয়েছিল। এক এনজিও থেকে তিনি ৮ লক্ষ টাকা ধার নিয়ে ফের দোকানটা দাঁড় করাতে চেয়েছিলেন। কিন্তু, ৩ লক্ষ টাকার বেশি ঋণ শোধ রে পারেননি। আর্থিক চাপের মুখে এক বন্ধুর পরামর্শ নিতে গিয়েছিলেন। বন্ধু তাঁকে ভারতে গিয়ে নতুন করে জীবন শুরুর পরামর্শ দিয়েছিল। সেই বন্ধুই তাঁকে পাসপোর্ট, মেডিক্যাল ভিসা, এমনকি ভারতে চাকরিরও ব্যবস্থা করে দিয়েছিল। তবে, ভারতে আসার পর ওই ব্যক্তি জানতে পারেন, চাকরি-টাকরি কিছু নেই। বদলে, তাঁকে কিডনি বিক্রি করতে হবে। তিনি রাজি হননি। কিন্তু, তাঁর পাসপোর্ট এবং ভিসা কেডে নিয়ে তারা বলেছিল, কিডনি না বিক্রি করলে তিনি আর কোনোদিন ভারত থেকে ফিরতে পারবেন না। ফলে তিনি বাধ্য হয়েছিলেন কিডনি বিক্রি করতে।দ্বিতীয় ব্যক্তির বয়স ৩৫ বছর। তাঁকেও ভারতে কাজের প্রলোভন দেখানো হয়েছিল। তাসকিন নামে এক ব্যক্তি চাকরির প্রতিশ্রুতি দিয়ে তাকে দিল্লিতে পাঠিয়েছিল। দুজন লোক তাঁকে একটি হোটেলে নিয়ে গিয়েছিল। এরপর তাঁকে বলা হয়, এক হাসপাতালে কাজ পাবেন তিনি। তার জন্য কিছু মেডিকেল পরীক্ষার দরকার। রক্ত পরীক্ষা ও ইসিজি-সহ প্রায় ১৫-২০টি পরীক্ষা হয়। তারপর, এক নার্স একটি ইনজেকশন দিতেই তিনি জ্ঞান হারিয়েছিলেন। জ্ঞান ফিরেছিল দুদিন পর। তিনি দেখেছিলেন তাঁর পেটে একটি সেলাইয়ের দাগ। তাঁকে জানানো হয় তাঁর একটি অস্ত্রোপচার হয়েছে। এরপর তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিশদ জেনে, সেখানে ৪ লক্ষ টাকা জমা করা হয়। তবে তাঁর পাসপোর্ট কেড়ে নেওয়া হয়েছিল। এর মধ্যে তাঁর ভিসার মেয়াদ শেষ হয়ে যায়। এরপরই তাঁকে জানানো হয়, তিনি চাকরি পাবেন না। তাঁকে বাংলাদেশে ফিরে যেতে বলা হয়।তৃতীয় ব্যক্তিও একই ফাঁদে পড়েছিলেন। তাঁর সঙ্গে ফেসবুকে যোগাযোগ করে অরণ্য নামে এক ব্যক্তি ভারতে চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। এমনকি প্রশিক্ষণের সময় বৃত্তি দোয়া হবে, এই কথাও বলেছিল সে। ভারতে আসার পর তাঁর বেশ কিছু মেডিক্যাল পরীক্ষা করা হয়। এরপর একইভাবে তাঁর কিডনি অস্ত্রোপচার করে বের করে নেওয়া হয়। টাইমস অব ইন্ডিয়াকে তিনি বলেছেন, মাত্র ৬ দিনে তাঁর শরীর থেকে ৪৯ টিউব রক্ত টানা হয়েছিল।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বাসুকী তার কাছে গচ্ছিত শিবের ১৪ তোলা বিষ মনসাকে দেন। রাজা পৃথু পৃথিবীকে গাভীর ন্যায় দোহন করলে উদগত বিষের দায়িত্বও বাসুকী মনসাকে দেন। শিব মনসাকে দেখে কামার্ত হয়ে পড়েন। কিন্তু মনসা প্রমাণ করতে সক্ষম হন যে তিনি শিবেরই কন্যা। আবদার করে কৈলাসে বাপের বাড়ি যাবার। শিব তার স্ত্রী পার্বতীর ভয়ে কন্যাকে নিতে চান না। পরে মন্দিরে ফুলের ডালিতে লুকিয়ে রাখেন। কিন্তু পার্বতী মনসাকে দেখে ফেলে।

ক্রমশঃ


• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## উৎসব বা পূজা পার্বণের সময়ক্ষণ নির্ধারিত হয় ঋতুর সঙ্গে সমন্বয় রেখে



মৃত্যুঞ্জয় সরদার
(চতুর্থ পর্ব)



করেন, এরকম বহু পেশা আর ব্যবসার সঙ্গে যুক্ত মানুষজন, যাঁরা মূলত গ্রামাঞ্চলের, তাকিয়ে থাকেন এই উৎসবের দিকে। করোনার আবহে এই বছর পুজো হবে কি না, সে নিয়ে একটা প্রশ্নচিহ্ন এখনও ঝুলছে। যেহেতু উৎসব মানেই জনসমাগম এবং একসঙ্গে অনেক লোক মানেই সংক্রমণ ছড়িয়ে পড়ার আশঙ্কা। তবে এসব আশঙ্কা কাটিয়ে উৎসবের মেজাজে মেতে উঠেছিল সারাবাংলা। হাইকোর্টে রয়ে স্তব্ধতা হয়ে গেল। প্রাকৃতিক নিয়মে মেতে ওঠে উৎসবের মেজাজ, সিঞ্জুর সাথে যেন আজ ভাটা পড়েছে।আমাদের দেশে ছয়টা ঋতুর হলেও, নরওয়েতে ঋতু চারটে। শরৎকাল না থাকায় নীল আকাশে সাদা মেঘের আনাগোনা দেখার আনন্দ পাওয়া যায় না। নরওয়ে এমনিতেই ভারী সুন্দর দেশ। এর প্রাকৃতিক সৌন্দর্যে মন প্রাণ ভরে ওঠে। বৃহস্পতিবার সন্ধ্যায় ষষ্ঠী সপ্তমী পূজোর দিন যখন পূজামণ্ডপে পৌঁছই, হেমন্তের হিমের পরশ সারা শরীরে ছুঁয়ে যায়। পূজার দুদিন আগে থেকেই শুরু হয়ে যায় মণ্ডপসজ্জা। প্রবেশদ্বারের দুই পাশেই মাটির ঘটের উপরে ডাবের স্থাপনা। পুরোহিত মশাই সিঁদুর বর্ণে স্বস্তিকা এঁকে দিয়েছেন ডাবের উপরিভাগে। মৃদু ঢাকের আওয়াজ, কাঁসর ঘন্টার আওয়াজে মনের সঙ্গে সঙ্গে নেচে ওঠে পা দুটোও। এসব কিছু এবছর যেন স্তব্ধতা হয়ে গেল,দুটি কারণে একটি হচ্ছে মহামারী করোনাভাইরাস অন্যটি হচ্ছে কলকাতা হাইকোর্টের রায়।হাইকোর্ট জানিয়েছে শুধুমাত্র পুজো উদ্যোক্তারা মণ্ডপে ঢুকতে পারবেন। তা-ও এক সঙ্গে ১৫ থেকে ২৫ জনের বেশি নয়। পাশাপাশি এ দিন হাইকোর্টের বেঞ্চ জানিয়েছে, রাস্তায় ভিড় নিয়ন্ত্রণে সচেতনতা অভিযান চালাতে হবে প্রশাসনকে। পুজোয় স্বাস্থ্যবিধি নিয়ে আশঙ্কা প্রকাশ করেছিল চিকিৎসকমহল। এর পরই রাজ্যে ভিড় নিয়ন্ত্রণ নিয়ে হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা করা হয়। শুনানিতে রাজ্যের কাছে জানতে চাওয়া হয় ভিড় নিয়ন্ত্রণের রূপরেখা। পুজোয় ভিড় নিয়ন্ত্রণের জন্য গাইডলাইন তৈরিতেও মুখ্য এবং স্বরাষ্ট্রসচিবকে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## পশ্চিমবঙ্গে ধর্ষণবিরোধী অপরাজিতা বিল পাস: সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গ সরকার ধর্ষণবিরোধী আইনকে আরও কঠোর করার জন্য নতুন 'অপরাজিতা' বিল পাস করেছে। আইনে ধর্ষণ ও যৌন অপরাধের শাস্তি হিসেবে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রাখা হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকার মঙ্গলবার পশ্চিমবঙ্গ বিধানসভায় এই বিলটি সর্বসম্মতিক্রমে পাস করে। খবর ইন্ডিয়া টুডের।

'অপরাজিতা নারী ও শিশু (পশ্চিমবঙ্গ ফৌজদারি আইন ও সংশোধন) ২০২৪' নামক এই বিলটি রাজ্যের কেন্দ্রীয় আইনে প্রথমবারের মতো সংশোধন আনল, যেখানে ধর্ষণ, গণধর্ষণ এবং শিশুদের বিরুদ্ধে যৌন অপরাধের জন্য কঠোর শাস্তির ব্যবস্থা রাখা হয়েছে। এখন বিলটি অনুমোদনের জন্য পশ্চিমবঙ্গের গভর্নর সিভি আনন্দ বোস এবং রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে পাঠানো হবে।

মমতা বন্দ্যোপাধ্যায় এই বিলকে 'ঐতিহাসিক' ও 'মডেল' হিসেবে উল্লেখ করেছেন এবং কলকাতার আর জি কর সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে পাশবিক নির্যাতনের শিকার হয়ে নিহত নারী চিকিৎসককে স্মরণ করেছেন। তিনি বলেন, এই বিলটি ধর্ষণের শিকার নারীদের প্রতি শ্রদ্ধা জানানোর একটি প্রতীক।

বিলটির মূল বিধান অনুযায়ী, ধর্ষণ বা যৌন নিপীড়নের ফলে যদি কোনো ভুক্তভোগীর মৃত্যু ঘটে, তবে ধর্ষণকারী বা অপরাধীকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হবে। এছাড়া, প্যারোল ছাড়াই যাবজ্জীবন কারাদণ্ডের বিধানও রাখা হয়েছে।

বিলটি নিয়ে আলোচনায় মমতা বন্দ্যোপাধ্যায় বিরোধী দলের নেতা শুভেন্দু অধিকারীকে আহ্বান জানান, যাতে তিনি গভর্নরকে বিলটিতে সম্মতি দিতে অনুরোধ করেন। মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমরা এই বিলের মাধ্যমে কেন্দ্রীয় আইনের ফাঁকগুলো পূরণের চেষ্টা করেছি। ধর্ষণ মানবতার বিরুদ্ধে একটি অভিশাপ, এবং এই অপরাধ বন্ধে সামাজিক সংস্কার প্রয়োজন।'

বিলটি পাস হওয়ার পর মমতা আরও বলেন, বিরোধীদের উচিত রাজ্যপালকে বিলে সই করতে বলা। আমরা সিবিআইয়ের মাধ্যমে কলকাতার নারী চিকিৎসকের হত্যার বিচার চাই এবং দোষীদের ফাঁসিতে ঝুলিয়ে শাস্তি দিতে চাই।

বিজেপি এই বিলটিকে স্বাগত জানিয়েছে এবং বলেছে, ভারতীয় ন্যায় সংহিতাতেও নারী ও শিশুদের বিরুদ্ধে অপরাধের জন্য কঠোর শাস্তির বিধান রয়েছে।

## পাঁচ মন্ত্রীর পর এবার ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার পদত্যাগ করলেন ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী দিমিত্র কুলেবা। বুধবার তিনি পদত্যাগ করেন। এর আগে মঙ্গলবার এক দিনেই দেশটির পাঁচ মন্ত্রী পদত্যাগ করেন। একই দিন দায়িত্ব থেকে সরে যান ঊর্ধ্বতন এক সরকারি কর্মকর্তাও।

ইউক্রেনীয় পার্লামেন্টের স্পিকার রুসলান স্টেফানচাক পররাষ্ট্রমন্ত্রী কুলেবার পদত্যাগপত্র ফেসবুকে পোস্ট করেছেন।

ইউক্রেনের বাইরে বহির্বিশ্বে প্রেসিডেন্ট জেলেনস্কির পর দেশটির সবচেয়ে পরিচিত মুখ ছিলেন পররাষ্ট্রমন্ত্রী কুলেবা। আগামী দিনগুলোতে জেলেনস্কি সরকারের আরও মন্ত্রী পদত্যাগ করবেন এবং তাদের স্থানে নতুন মুখ আসবেন বলে মনে করা হচ্ছে।




মঙ্গলবার যারা পদত্যাগ করেছেন, তারা হলেন- কৌশলগত শিল্পমন্ত্রী (অস্ত্রপ্রধান) ওলেকসান্দর কামিসিন, বিচারমন্ত্রী ডেনিস মালিউসকা, পরিবেশ সুরক্ষামন্ত্রী রুসলান স্ট্রিলেটস, উপ-প্রধানমন্ত্রী ওলহা স্টিফানিশাইনা ও ইরিনা ভেরেশচুক। এছাড়া পদত্যাগ করেছেন ইউক্রেনের রাষ্ট্রীয় সম্পদ তহবিলের প্রধান ভিটালি কোভাল।

এর আগে চলতি বছরের শুরুর দিকে ইউক্রেনের মন্ত্রিপরিষদের কয়েক সদস্যকে বরখাস্ত করা হয়েছিল। এর ওপর নতুন করে ছয় মন্ত্রীর পদত্যাগের মধ্য দিয়ে দেশটির মন্ত্রিপরিষদের এক-তৃতীয়াংশ পদ খালি হয়ে গেছে।

# সিনেমার খবর

cinema TV

## কটাক্ষের শিকার নুসরাত জাহান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নানা কারণেই আলোচিত ওপার বাংলার জনপ্রিয় অভিনেত্রী নুসরাত জাহান। সবসময় তিনি নিজেকে ভক্তদের মাঝে ভিন্নভাবে উপস্থাপন করে থাকেন। বিভিন্ন সময় খোলামেলা পোশাকে হাজির হন। সম্প্রতি নিজের ইনস্টাগ্রামে ঘুরতে যাওয়ার পুরোনো ছবি পোস্ট করেছিলেন তা নিয়েই কটাক্ষের শিকার হয়েছেন এ অভিনেত্রী। যেখানে আরজি কর কাণ্ড নিয়ে উত্তপ্ত গোটা শহর ঠিক সে সময় নায়ক নায়িকারা কোনো আনন্দ, সেলিব্রেশনের ছবি পোস্ট করলেই সমালোচনা করতে ছাড়ছেন না অনুরাগীরা। কয়েক মাস আগে পুরো পরিবারের সঙ্গে থাইল্যান্ডে ঘুরতে গিয়েছিলেন নুসরাত । সেখানে গিয়ে সময়টা চুটিয়ে উপভোগ করেছিলেন তিনি। সেই স্মৃতিতেই ডুব দিয়েছিলেন নায়িকা। সেই স্মৃতিই যে তার জন্য বুমেরাং হয়ে যাবে সেটা নায়িকা হয়ত আশা করেননি। তার এই স্টোরি মিম তৈরি করেছেন অনেকে। কেউ লিখেছেন,' এটাই তো আদর্শ সময় বিকিনি পরা ছবি পোস্ট করার জন্য।' আবার কেউ লিখেছেন, 'এই মুহূর্তে সবাই কতটা চিন্তিত, আপনার চিন্তা হচ্ছে না?' কাউকে কোনো উত্তরও দেননি অভিনেত্রী। এই মুহূর্তে তেমন কোনো সিনেমাতেও দেখা যায় না তাকে। আপাতত ব্যান্ড এন্ডর্সমেন্টেই বেশি ব্যস্ত সময় পার করছেন।

২১ দিন হয়ে গেল এখনও পর্যন্ত ন্যায় বিচার পাওয়া যায়নি। যা নিয়ে সরব গোটা রাজ্য এবং দেশ। এই সময়ে নায়িকা পোস্ট করেছেন বিকিনি পরা বেশ কিছু ছবি।

উল্লেখ্য, গত ৯ আগস্ট ভোরের দিকে কলকাতার শ্যামবাজার এলাকায় অবস্থিত আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকদের বিশ্রামকক্ষ থেকে এক নারী চিকিৎসকের ক্ষতবিক্ষত মরদেহ উদ্ধার হয়। পরে ময়নাতদন্তে জানা যায়, ওই চিকিৎসককে ধর্ষণের পর হত্যা করা হয়েছিল।

তবে মরদেহ উদ্ধারের পর হাসপাতাল কর্তৃপক্ষ বলেছিল যে ওই চিকিৎসক আত্মহত্যা করেছেন। কর্তৃপক্ষের এই বক্তব্যের পর প্রথমে ফুঁসে ওঠে কলকাতা, পরে গর্জে ওঠে পুরো পশ্চিমবঙ্গ।

## বলিউডের সেরা ধনী অভিনেতা শাহরুখ খান, তার আয় কত?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের সবচেয়ে ধনী অভিনেতার তালিকার শীর্ষে শাহরুখ খান। 'হুরুন ইন্ডিয়া রিচ লিস্ট'-এ জানানো হয়েছে এই তথ্য। এই তালিকায় অভিষেকেই শীর্ষস্থান দখল করলেন 'কিং খান'। বলিউড তারকাদের মধ্যে এই তালিকায় সবার শীর্ষে আছে শাহরুখ খান। আর তার পরেই আছেন বলিউড অভিনেত্রী জুহি চাওলা। শাহরুখ, জুহি ছাড়া আরও তিন বিটাউন তারকার নাম এই তালিকায় আছে। বলিউডের এই তিন তারকা হলেন হৃতিক রোশন, অমিতাভ বচ্চন ও করণ জোহর।

এই তালিকা অনুযায়ী শাহরুখ খানের নিট আয় ৭ হাজার ৩০০ কোটি রুপি। এদিকে জুহি চাওলার নিট আয় ৪ হাজার ৬০০ কোটি রুপি। প্রকাশিত তালিকা অনুযায়ী বিটাউন তারকাদের মধ্যে জুহি দ্বিতীয় হলেও অভিনেত্রীদের মধ্যে তার স্থান প্রথম। শাহরুখ ও জুহির পরেই আছে হৃতিক রোশনের নাম। তার আয় ২ হাজার কোটি রুপি। হৃতিক ছবি ছাড়া তার কোম্পানি এইচআরএক্স থেকে মোটা অঙ্কের আয় করেন।

অমিতাভ বচ্চন ও তার পরিবারের আয় ১ হাজার ৬০০ কোটি রুপি। 'বিগ বি' ছবি ছাড়া বিভিন্ন বিজ্ঞাপনী চুক্তি থেকে প্রচুর অর্থ আয় করেন। বিটাউন তারকাদের মধ্যে শেষে আছে চিত্রনির্মাতা তথা পরিচালক করণ জোহরের নাম। তার আয় ১ হাজার ৪০০ কোটি। করণের এই নিট আয়ের এক বিশাল অঙ্ক আসে তার প্রযোজনা সংস্থা ধর্মা প্রোডাকশন থেকে।

'হুরুন ইন্ডিয়া রিচ লিস্ট ২০২৪' তালিকায় শিল্পপতি মুকেশ আম্বানি, গৌতম আদানির সঙ্গে ১ হাজার ৫৩৯ জন ব্যক্তির নাম আছে। যেসব ব্যক্তির আয় হাজার কোটি রুপির বেশি, তাদের নাম আছে এই তালিকায়।

## দীপিকার প্রেম ফাঁস করে দিতে চেয়েছিলেন করণ! যা বলেছিলেন প্রিয়াঙ্কা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের জীবনের বেশিরভাগটাই মানুষের জানা। সম্ভবত সেই কারণেই প্রেমের বিষয়টি সবাইকে জানাতে চাননি। হতে পারে প্রেম ভেঙে যাওয়ার ভয়েই গোপন রাখতে চেয়েছিলেন তিনি। আর করণ জোহরের শো 'কফি উইথ করণ'-এ এসে করণ জোহর যখন ফাঁস করে দিতে চেয়েছিলেন দীপিকার প্রেমের কথা, তখন অভিনেত্রী পাশে পেয়েছিলেন প্রিয়াঙ্কা চোপড়াকে। করণের সেই এপিসোডে আমন্ত্রিত ছিলেন তিনিও। প্রিয়াঙ্কাই এগিয়ে এসে সামাল দিয়েছিলেন সবটা। ঠিক কী হয়েছিল?

সময়টা ছিল 'রামলীলা'র শুটিং শেষ হওয়ার পরে। এই সিনেমাটি করতে গিয়েই প্রথম কাছাকাছি আসেন দীপিকা ও রণবীর সিং। যে সময়ের কথা এটি, সেই সময়ে দীপিকা আর রণবীর চুটিয়ে প্রেম করছেন। ইন্ডাস্ট্রিতে কান পাতলেই শোনা যেত তাদের প্রেমের কথা। কিন্তু নিজেদের মুখে সেই কথা কখনও বলতে চাননি দীপিকা ও রণবীর। করণ জোহর নিজের শো-তে কিন্তু সরাসরি দীপিকাকে প্রশ্ন করেছিলেন রণবীরের সঙ্গে তার প্রেমপর্ব নিয়ে।

সেই সময়ে বাধা দিয়েছিলেন প্রিয়াঙ্কা। তিনি বলেছিলেন, দীপিকার জীবনের ৯০ শতাংশই পাবলিক। সবাই সবকিছু জানে। তাই যদি অন্তত ১০ শতাংশ জীবন সে ব্যক্তিগত রাখতে চায়, তাহলে ক্ষতি কী? হতেই তো পারে দীপিকা এই মুহূর্তে চাইছে না কারও রাতের খাবার টেবিলের গল্প হতে। তাই দীপিকা যদি নিজে থেকে নিজের প্রেমের কথা না বলতে চায়, স্বীকার না করতে চায় আমার মনে হয় না এটা নিয়ে ওকে আর কোনও প্রশ্ন করা উচিত। কিছু বিষয় ওর ব্যক্তিগত রাখাই ভালো। দীপিকা গোটা সময়টা মুগ্ধ হয়ে কেবলই প্রিয়াঙ্কার কথা শুনেছেন ও হেসেছেন। মেয়েরাও যে মেয়েদের পাশে দাঁড়াতে পারে, তা যেন ফের একবার প্রমাণ করে দিয়েছিলেন প্রিয়াঙ্কা।

## বছরের পর বছর নির্বাসিত ছিলাম : কঙ্গনা




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বছরের পর বছর ধরে কাজ পাননি বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। দেশের নাগরিক হয়েও নিজেকে 'নির্বাসিত' মনে করতে শুরু করেছিলেন। টানা আট বছর কর্মহীন অবস্থায় কেটেছে। সম্প্রতি এক সাক্ষাৎকারে মনের মধ্যে জমা কথা ভাগ করে নিলেন অভিনেত্রী।

সাক্ষাৎকারে কঙ্গনা বলেন, '২০০৪ সালে আমি মুম্বাই আসি। তারপরে ২০০৫-২০০৬ সালে আমি 'গ্যাংস্টার', 'উয়ো লমহে'র মতো ছবিতে অভিনয় করি। অভিনয়ের জন্য প্রশংসিত হই। কখনও মাদকাসক্ত মডেল, কখনও গ্যাংস্টার, কখনও মানসিক রোগীর ভূমিকায় অভিনয় করেছি। বহু প্রশংসা পাওয়ার পরেও হঠাৎ আমার কাছে কাজের প্রস্তাব আসা বন্ধ হয়ে যায়।'

তিনি বলেন, 'দু-এক বছরের লড়াইয়ের কথা বলছি না। কিন্তু বছরের পর বছর ধরে যখন কাজ পাওয়ার নিশ্চয়তা থাকে না, তখন এই লড়াই আরও কঠিন হয়ে ওঠে। আমাকে বারবার বলা হয়েছে, আমি ভাল অভিনয় করি। কিন্তু সেটাই আমার কাজ পাওয়ার বাধা হয়ে দাঁড়ায়।'

দিনের পর দিন কাজ না পেয়ে নিজের জন্মভূমিতে নিজেকে নির্বাসিত মনে হত কঙ্গনার। তার ভাষ্য, 'মনে হতে থাকে, আমাকে হয়ত দেশ থেকে নির্বাসন দেওয়া হয়েছে। এরপর আমি ক্যালিফোর্নিয়ার ক্যালাবাসাস শহরে একটি বাড়ি কিনি। একজন এজেন্টকে আমার সঙ্গে কাজে যুক্ত করি। একটি স্বল্পদৈর্ঘ্যের ছবিও পরিচালনা করি। বলিউডে নিয়মই এমন, যারা ভাল কাজ করবেন, তাদের এই জগৎ থেকে বেরিয়ে যেতে বাধ্য করা হবে।

## নচিকেতার আক্ষেপ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আর জি কর-কাণ্ডের প্রতিবাদে রাজ্যের বিশিষ্টদের একটা বড় অংশ মুখ খুলেছেন। মিছিলে হেঁটেছেন। তবে পাশাপাশি প্রতিবাদে শামিল হয়েও তাদের একাংশকে কটাক্ষের শিকার হতে হচ্ছে। বিষয়টি নিয়ে মর্মাহত সঙ্গীতশিল্পী নচিকেতা চক্রবর্তী।

১৪ অগস্ট আরজি করের ঘটনার প্রতিবাদে সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের লেখা একটি কবিতা পাঠ করেন নচিকেতা। 'মা তুমি এসো না' শীর্ষক সেই কবিতা ছড়িয়ে পড়তেই শিল্পীকে নিয়ে শুরু হয় ট্রোলিং। নচিকেতা বললেন, 'প্রথম প্রতিবাদ তো আমিই করেছিলাম। কিন্তু এখন দেখছি, কারও পক্ষ নিয়ে প্রতিবাদ না করলে ট্রোলিং শুরু হবে!' নচিকেতার মতে, প্রতিবাদ কীভাবে করা উচিত, সেটা একান্তই ব্যক্তির নিজের উপর নির্ভর করে। তার কথায়, 'সেখানে আমাকে শুনতে হচ্ছে, আমি কেন রাস্তায় নেমে প্রতিবাদ করছি না! বাঙালির এই চেহারা আমার দেখা ছিল না।'

সিঙ্গুর-নন্দীগ্রাম আন্দোলনের সময় পথে নেমেছিলেন নচিকেতা। সেই প্রসঙ্গ উত্থাপন করে তার বক্তব্য, 'এত বছরে রাস্তায় নেমে আমার সারা শরীরে ধুলো জমে গিয়েছে। এখন বয়স হয়েছে। তা ছাড়া আমি কোনও রাজনীতিও করি না।' প্রতিবাদে মিছিলে হেঁটেছেন, এমন ব্যক্তিত্বদের নিয়েও ট্রোল হয়েছে বলে মনে করিয়ে দিলেন নচিকেতা। উদাহরণ হিসেবে তিনি অপর্ণা সেনের নাম উল্লেখ করলেন। নচিকেতার যুক্তি, 'আসলে ওরা সমাজ থেকে শিক্ষিত মানুষকে সরিয়ে দিতে চাইছে!'

'বৃদ্ধাশ্রম' থেকে শুরু করে নচিকেতার একাধিক গানে প্রতিবাদের ঝলক মিলেছে। আর জি কর-কাণ্ডে মানুষ যে স্বতঃস্ফূর্ত প্রতিবাদ করছেন, তা দেখে আপ্লুত শিল্পী। তবে নচিকেতার আক্ষেপ, '৩১ বছর যে বাঙালির জন্য নিজেকে সঁপে দিলাম, সেই বাঙালিই আজ আমাকে ট্রোল করছে! আমি সত্যিই দুঃখ পেয়েছি।' আরজি করের ঘটনার পর ২০ দিন কেটে গেছে। বিপরীতে প্রতিবাদ আন্দোলনে রাজনীতি ক্রমশ অন্য দিকে ডানা মেলছে বলে সিঁদুরে মেঘ দেখছেন নচিকেতা। তার পর্যবেক্ষণ, 'নবান্ন অভিযানে 'ছাত্র'দের আমরা দেখেছি! বাংলা বন্‌ধ। পুরো বিষয়টার মধ্যেই তো রাজনীতি ঢুকে পড়েছে। চিরকালই দেখেছি, এই ধরনের সামাজিক প্রতিবাদের ক্ষেত্রে এক সময় নজর সরে যায়। সেটা হতে দেওয়া যাবে না।' আরজি কর-কাণ্ডের তদন্ত এখন সিবিআইয়ের হাতে। সুপ্রিম কোর্ট সেখানে নির্দেশ দিয়েছে। তার পরেও রাজ্য জুড়ে হিংসা এবং ভাঙচুরকে 'লাশের রাজনীতি' হিসেবেই আখ্যা দিতে চাইছেন নচিকেতা।

নচিকেতার মতে, এই মুহূর্তে সাধারণ মানুষের দৃষ্টি আরজি কর থেকে সরানোর জন্য বিভিন্ন কৌশল ব্যবহার করা হচ্ছে। তাই দিগভ্রষ্ট হলেই মুশকিল। নচিকেতা দ্রুত ন্যায়বিচারের পক্ষে। বললেন, 'কেন দেরি হচ্ছে, বুঝতে পারছি না। সাধারণ মানুষ সরকারি হাসপাতালে পরিষেবা পাচ্ছেন না। তাদের সর্বস্ব দিয়ে বেসরকারি হাসপাতালে চিকিৎসা করাতে হচ্ছে! তাই দ্রুত বিষয়টার নিষ্পত্তি হওয়া উচিত।' সাধারণ মানুষের উপর সাংস্কৃতিক প্রভাব কাজ করছে না বলেই মত নচিকেতার। তার যুক্তি, 'আমি তো মানুষের বোধের উন্নয়নের জন্য গান করেছি। কিন্তু দেখলাম, মানুষের বোধের কোনও উন্নতি হয়নি। তা না হলে, একটি মেয়ের সঙ্গে এ রকম নারকীয় ঘটনা ঘটতে পারে না।'

ইউএস ওপেন

## দ্বিতীয় রাউন্ড থেকেই আলকারাজের বিদায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউএস ওপেনের দ্বিতীয় রাউন্ডেই হেরে গেছেন ফেভারিট হিসেবে খেলতে আসা তৃতীয় বাছাই কার্লোস আলকারাজ। স্পেনের টেনিস তারকা সরাসরি সেটে হারলেন নেদারল্যান্ডের বোটিক ফন ডি জ্যান্ডসচাল্পের কাছে।

আর্থার অ্যাশ স্টেডিয়ামে পুরুষদের সিঙ্গলসে বাংলাদেশ সময় শুক্রবার সকালে আলকারাজকে ৬-১, ৭-৫, ৬-৪ গেমে হারান র‍্যাঙ্কিংয়ের ৭৪ নম্বরে থাকা রোটিক।

প্রতিযোগিতায় অবাছাই হিসেবে খেলতে আসা অখ্যাত এক প্রতিপক্ষের বিপক্ষে হেরে গেলেন অলিম্পিকে রুপার পদক পাওয়া আলকারাজ। এই বছর ফরাসি ওপেন ও উইম্বলডন জিতে ইউএস ওপেনে খেলতে নেমেছিলেন তিনি। এই ম্যাচের আগে গ্র্যান্ড স্লামে জিতেছেন তিনি টানা ১৫ ম্যাচ। কিন্তু সময়ের সেরা খেলোয়াড় মনে করা হয় যাকে, সেই ২১ বছর বয়সী তারকা এখানে খেই হারালেন বাজেভাবে।

চমকপ্রদ পারফরম্যান্স উপহার দেওয়া ফন বোটিক টেনিসের শীর্ষ পর্যায়ে খেলছেন অনেক দিন ধরেই। গ্র্যান্ড স্ল্যামে সেরা সাফল্য তার এই ইউএস ওপেনেই। ২০২১ আসরে পৌঁছতে পেরেছিলেন কোয়ার্টার-ফাইনালে। পরের বছর অস্ট্রেলিয়ান ও ফ্রেঞ্চ ওপেনে তৃতীয় রাউন্ড পর্যন্ত যেতে পারেন তিনি, উইম্বলডনে পা রাখেন চতুর্থ রাউন্ডে। এই আসরগুলোয় তার সেরা সাফল্য এই পর্যন্তই। ডাবলসে কখনও দ্বিতীয় রাউন্ড উতরাতে পারেননি কোনো গ্র্যান্ড স্ল্যামেই। ২৮ বছর বয়সী ডাচ খেলোয়াড় এবার আলকারাসকে উড়িয়ে আলোড়ন তুললেন টেনিসবিশ্বে।

আলকারাজকে হারানো অবিশ্বাস্য ঠেকছে বোটিকের কাছে। তিনি বলেন, 'আমি ভাষা হারিয়ে ফেলেছি। অসাধারণ এক রাত। এই স্টেডিয়ামে প্রথমবার খেলতে নেমেছিলাম। দুর্দান্ত আবহ।'

গত ম্যাচে ডেনিস শাপোভালভকে হারিয়ে দিয়েছিলেন বোটিক। তিনি বলেন, 'আগের ম্যাচের জয় আমাকে প্রচুর আত্মবিশ্বাস দিয়েছিল। প্রথম পয়েন্ট থেকেই আমি লড়ছিলাম। বুঝতে পারছিলাম যে এই ম্যাচ আমি জিততে পারি।'

২০২১ সালের উইম্বলডনে দ্বিতীয় রাউন্ডে হেরে গিয়েছিলেন আলকারাজ। তারপর থেকে এই প্রথম কোনো গ্র্যান্ড স্ল্যামের দ্বিতীয় রাউন্ডে হারলেন তিনি। হতাশাজনক পারফরম্যান্সের পর নিজেকেই কাঠগড়ায় তুললেন তিনি।

"আমার মনে হয়, ম্যাচজুড়েই আমার খেলার মান একইরকম ছিল। ম্যাচ জেতার মতো যথেষ্ট ছিল না তা বা ম্যাচে ফিরে আসার মতো কিংবা ফিরে আসার চেষ্টা করার মতো তা ছিল না।"

"তো, আর কী বলতে পারি! অনুভব করছিলাম, ভালোভাবে শট খেলতে পারছি না। অনেক অনেক ভুল করেছি। যখন ঘুরে দাঁড়ানোর চেষ্টা করেছি বা মনে করেছি যে, ফিরতে পারি এখন, ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে।"

# ২০২৬ বিশ্বকাপে খেলবেন মেসি: ম্যাক অ্যালিস্টার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২২ কাতার বিশ্বকাপ জয়ের পর লিওনেল মেসির অবসর নিয়ে প্রশ্ন কম হয়নি। সতীর্থ এমনকি কোচেরা তারকা এই ফুটবলারকে চান পরের বিশ্বকাপেও। তবে মেসি নিজে ২০২৬ বিশ্বকাপে খেলার ব্যাপারে সরাসরি কিছু বলেননি। এ প্রসঙ্গ আসলেই বার বার মনে করে দিয়েছেন বয়স ও ফিটনেসের কথা।

আর দুই বছর পর যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় আয়োজিত হতে যাওয়া বিশ্বকাপে আর্জেন্টাইন তারকার বয়স হবে ৩৯। তবে এখনও মেসি মাঠে যেভাবে নিবেদিতপ্রাণ তাতে তার সতীর্থ অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার নিশ্চিত, পরের বিশ্বকাপেও খেলবেন মেসি।

ইএসপিএনকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রিয় সতীর্থকে নিয়ে এমন মন্তব্যই করেছেন ম্যাক।

'আপনি যদি আমার ভাবনা জানতে চান, হ্যাঁ, আমি মনে করি সে সেখানে (২০২৬ বিশ্বকাপে) থাকবে। অন্তত সাক্ষাৎকারে তার কথা শুনে বা আমরা যখন জাতীয় দলে যোগ দিয়ে তাকে অনুশীলন করতে দেখি কিংবা যেভাবে সে খেলে; আমার কোনো সন্দেহ নেই যে সে সহজেই খেলতে পারবে।'

তবে বিশ্বকাপের কাছাকাছি সময়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানা যাবে বলেও জানান এই মিডফিল্ডার।

'এটাও ঠিক যে এই সিদ্ধান্ত খুবই ব্যক্তিগত। সম্ভবত (বিশ্বকাপের) সময় ঘনিয়ে আসবে তখন সে কেমন অনুভব করছে, তার প্রেক্ষিতে এটা ঘোষণা করা হবে। আমি আশা করি সে বিশ্বকাপে থাকবে। আর এটা সব সময় বলি, লিও আমার কাছে বিশ্বসেরা। পার্থক্য গড়ে দেওয়ার সামর্থ্য তার আছে, এমনকি তার বয়স হয়ে যাওয়ার পরও।'

কোপা আমেরিকার ফাইনালে চোটে পড়ে মাঠের বাইরে আছেন মেসি। সেরে ওঠার অংশ হিসেবে বর্তমানে টুকটাক অনুশীলনও শুরু করেছেন। তবে সেপ্টেম্বরে বিশ্বকাপ বাছাইয়ের দুই ম্যাচে তাকে পাচ্ছে না আর্জেন্টিনা। তাকে ছাড়া দল কিভাবে মানিয়ে নেয় সেকথাও বলেছেন লিভারপুল তারকা ম্যাক।

'আমরা সব সময় দলের ওপর মনোযোগ দিই। আমরা জানি যে লিও (মেসি) এখানে থাকবে না। আমাদের এখন আরও শক্তিশালী হতে হবে। কারণ, কোনো কিছু ভুল হলে যে খেলোয়াড়টি আমাদের বাঁচাতে পারেন, তিনি থাকবেন না। আমরা জানি যে লিও থাকলে প্রতিপক্ষ কিছুটা ভীত থাকে। এটা স্বাভাবিক। তবে আমাদের এমন খেলোয়াড়ও আছে, যারা ইউরোপের বড় ক্লাবগুলোতে খেলেন। ফলে তারা (প্রতিপক্ষ) যখন আর্জেন্টিনা জাতীয় দলকে দেখে, তারা বুঝতে পারে ম্যাচটা সহজ হবে না। এটাই আমরা চাই। আমরা আমাদের সেরাটা দেখাতে চাই, যেন প্রতিপক্ষের জন্য দিনটা কঠিন হয়ে ওঠে।'

বিশ্বকাপ বাছাইয়ে বাংলাদেশ সময় আগামী শুক্রবার সকালে ঘরের মাঠে আর্জেন্টিনার প্রতিপক্ষ চিলি। চার দিন পর স্বাগতিক কলম্বিয়ার বিপক্ষে খেলবে বিশ্ব চ্যাম্পিয়নরা।

# অজুহাত খুঁজছেন না আনচেলত্তি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তিন ম্যাচে এক জয় ও দুই ড্র করেছে স্প্যানিশ জায়ান্ট রিয়াল মাদ্রিদ। লা লিগার শিরোপা ধরে রাখতে এমন শুরু রিয়ালের কাছে অপ্রত্যাশিতই। সবশেষ লাস পালমাসের বিপক্ষে ১-১ গোলে ড্র করে তারা। এই ম্যাচের পর নিজেদের এমন বিবর্ণতা মেনেই নিলেন কোচ কার্লো আনচেলত্তি। তাই কোনো অজুহাত দেওয়ার পক্ষে নন তিনি।

রিয়ালের জার্সিতে অভিষেকটা দারুণভাবে রাঙালেও এরপর নিজেকে হারিয়ে খুঁজছেন কিলিয়ান এমবাপ্পে। লা লিগায় তিন ম্যাচ খেলে এখনো গোল পাননি এই ফরোয়ার্ড। বাজে পারফর্ম করলেও তার ওপর আস্থা হারাচ্ছেন না আনচেলত্তি।

রিয়াল কোচ বলেন, 'প্রথমার্ধ বাজে ছিল। আমাদের জন্য গোল পাওয়া কঠিনই ছিল। তাই আমাদের ধুঁকতে হয়েছে। দলের মধ্যে সমন্বয় ছিল না, বল নিয়ে দ্রুত আক্রমণে উঠতে পারিনি। প্রতিপক্ষের কাছ থেকে বল কেড়ে নেওয়া কঠিন ছিল আমাদের জন্য। আমি দলের মধ্যে কোনো উন্নতি দেখিনি। আমাদের খুব দ্রুতই উন্নতির উপায় খুঁজতে হবে এবং আমার মনে হয় আমরা সেটা খুঁজে পাব।'

'এটা পরিষ্কার গত মৌসুমের ছন্দ খুঁজে পেতে কষ্ট হচ্ছে আমাদের। তবে আমাদের অজুহাত খুঁজলে চলবে না। ব্যস্ত সূচির মধ্যে আমাদের দ্রুতই ঘুরে দাঁড়াতে হবে। কারণ রবিবার আরেকটি ম্যাচ আছে আমাদের। আমার স্বচ্ছ পরিকল্পনা দরকার।'

চ্যাম্পিয়ন্স ট্রফি

## ভারতের পাকিস্তান সফরের সম্ভাবনা ৫০ শতাংশ: রশিদ লতিফ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী বছরের শুরুতেই পাকিস্তানে বসতে যাচ্ছে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফির নবম আসর। আসরে অংশ নিতে ভারতীয় দলের পাকিস্তানে খেলতে যাওয়ার ব্যাপারে প্রশ্ন থেকেই যাচ্ছে। পাকিস্তানের সাবেক অধিনায়ক রশিদ লতিফ মনে করেন টুর্নামেন্টে অংশ নিতে ভারতের পাকিস্তান সফরের সম্ভাবনা ৫০ শতাংশ।

নিজের ইউটিউব চ্যানেলে এই মন্তব্য করেন রশিদ। তার সম্ভাবনা পক্ষে যুক্তিও দেখিয়েছেন সাবেক এই কিপার-ব্যাটার।

'এটা যদি সত্যি হয় যে জয় শাহ আইসিসির চেয়ারম্যান হিসেবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন তাহলে এটাও সত্যি যে পাকিস্তান তাঁকে সমর্থন করেছে। পিসিবি জয় শাহকে সাপোর্ট দিয়েছে। তাই এই বিষয়টা দেখার পরে আমি একটা বিষয়ে ৫০ শতাংশ নিশ্চিত যে ভারত, পাকিস্তানে আসছে।'


২০১৯ সাল থেকে বিসিসিআইয়ের সেক্রেটারি ছিলেন জয় শাহ। টানা ছয় বছর সেক্রেটারি থাকার পর এবার আইসিসির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিতে চলেছেন। ১ ডিসেম্বর থেকে তিনি এই দায়িত্ব নেবেন। এই সময়েই শেষ হয়ে যাচ্ছে জর্জ বার্কলের মেয়াদকাল। পাশাপাশি এই মুহূর্তে এশিয়ান ক্রিকেট কাউন্সিলের প্রধান হিসেবেও দায়িত্বে রয়েছেন জয় শাহ।

রশিদ লতিফ অবশ্য প্রশাসক জয় শাহর ভূয়সী প্রশংসাও করেছেন। আশা প্রকাশ করেছেন আইসিসিকে নতুন দিশা দেখাবেন জয় শাহ।

'জয় শাহ প্রশাসক হিসেবে যে কাজ করেছেন তা দুর্দান্ত। ক্রিকেটের উন্নতিতে এবং প্রসার ঘটাতে তাঁর অবদান অনস্বীকার্য। সেটা সে বিসিসিআইয়ের প্রশাসক হিসেবে হোক কিংবা আইসিসির প্রশাসক হিসেবে দুই ক্ষেত্রেই যথেষ্ট সফল।'

সবশেষ ১৯৯৬ সালে পাকিস্তান আইসিসির কোনো আয়োজনের অংশ হয়েছিল। সেবার তারা ভারত ও শ্রীলঙ্কার সঙ্গে যৌথভাবে আয়োজন করেছিল আইসিসির ওয়ানডে বিশ্বকাপ। ২০২৩ সালে পাকিস্তান এশিয়া কাপের আয়োজন করেছিল। তবে সেবারও ভারত, পাকিস্তানে খেলতে যায়নি। তাদের ম্যাচগুলো খেলেছিল শ্রীলঙ্কাতে।

# হঠাৎ কেন ক্ষুব্ধ ও হতাশ শাহিন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশের বিপক্ষে প্রথম টেস্ট চলাকালীন সময়ই প্রথম সন্তানের বাবা হওয়ার সুখবর পান শাহিন শাহ আফ্রিদি। বাংলাদেশের কাছে ১০ উইকেটে টেস্ট হারার পর তাই করাচিতে স্ত্রী-সন্তানের কাছে ছুটে যান তিনি। দ্বিতীয় টেস্ট খেলার জন্য দুই দিন পরেই রাওয়ালপিন্ডিতে ফেরেন শাহিন আফ্রিদি।

কিন্তু ফিরে জানতে পারেন দ্বিতীয় টেস্টে দলে নেই তিনি। এমন সংবাদ শুনে বাঁহাতি পেসার হতাশ হয়েছেন বলে জানিয়েছে পাকিস্তানের সংবাদমাধ্যম ক্রিকেট পাকিস্তান। সংবাদমাধ্যমটি তাদের প্রতিবেদনে লিখেছে, প্রথম টেস্ট শেষে ম্যানেজমেন্টের কাছে ছুটি নিয়ে শাহিন করাচি গিয়েছিলেন স্ত্রী-সন্তানদের দেখতে। তবে দিন ছুটি কাটানোর পর শাহিনকে ডেকে পাঠায় পাকিস্তানের ম্যানেজমেন্ট। কিন্তু শাহিন ফিরলেও তাকে দলে রাখা হয়না।

দ্বিতীয় টেস্টের দলে নিজের নাম দেখতে না পারায় ক্ষুব্ধ হয়েছেন শাহিন, ঘনিষ্ঠ এক সূত্রের বরাত দিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে পাকিস্তানের সংবাদমাধ্যমটি। শাহিন নাকি জানিয়েছেন, যদি শেষ টেস্টে তাকে না খেলানোই হয় তাহলে কেন করাচি থেকে তাকে ডেকে পাঠানো হলো।

শাহিনকে বাদ দিয়ে ১২ সদস্যের দল ঘোষণা করে পাকিস্তান। তার পরিবর্তে আবরার আহমেদ ও মীর হামজাকে নিয়েছে স্বাগতিকেরা। বৃষ্টির কারণে আজ টস না হওয়ায় জানা যায়নি স্পিনার আবরার নাকি পেসার হামজা দ্বিতীয় টেস্ট খেলতেন।

# রোনালদোকে নিয়েই পর্তুগাল দল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উয়েফা নেশন্স লিগে নিজেদের প্রথম দুই ম্যাচে জন্য ২৫ সদস্যের দল ঘোষণা করেছেন পর্তুগালের কোচ রবার্তো মার্তিসেজ। তিন নতুন মুখসহ দলে আছেন তারকা ফুটবলার ক্রিস্তিয়ানো রোনালদে।

সদ্য শেষ হওয়া ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে রেকর্ড ষষ্ঠবার খেলতে নেমে সমর্থকদের হতাশ করেন রোনালদো। পুরো টুর্নামেন্টে ৩৯ বছর বয়সী ছিলেন নিষ্প্রভ। আসরে একটি গোলও করতে পারেননি এই ফরোয়ার্ড।

এমন হতাশাজনক পারফরম্যান্সের পর সমালোচনার মুখে পড়েন রোনালদো। তার জাতীয় দল থেকে অবসর নেওয়া উচিত বলেও মত দেন অনেকে। তবে রিয়াল মাদ্রিদের সাবেক ফরোয়ার্ড কিছুদিন আগে পর্তুগালের এক চ্যানেলকে জানান, এখনই অবসর নেবেন না তিনি।

কোচ মার্তিনেজও তার উপর রেখেছেন আস্থা। উয়েফা নেশন্স লিগের দলে তার সঙ্গে যুক্ত করেছেন তিন নতুন মুখ। সেই জন হলেন- ১৭ বছর বয়সী স্পোর্টিং লিসবনের উইঙ্গার জিওভানি কুয়েন্দা, চেলসির ডিফেন্ডার রেনাতো ভেইগা এবং লিলের ডিফেন্ডার থিয়াগো সান্তোস।

নেশন্স লিগে নিজেদের প্রথম ম্যাচে ক্রোয়েশিয়ার মুখোমুখি হবে পর্তুগাল। আর দ্বিতীয় ম্যাচটি ৮ সেপ্টেম্বর স্কটল্যান্ডের বিপক্ষে। দুটি ম্যাচেই তারা খেলবে ঘরের মাঠ লিসবনে।

পর্তুগাল স্কোয়াড-

গোলরক্ষক: দিয়াগো কস্তা, হোসে সা, রুই সিলভা।

ডিফেন্ডার: রুবেন দিয়াস, আন্তোনিও সিলভা, রেনাতো ভেইগা, গনসালো ইনাসিও, থিয়াগো সান্তোস, দিয়োগো দালত, নুনো মেন্দেস, নেলসন সেমেদো।

মিডফিল্ডার: জোয়াও পালহিনহা, জোয়াও নেভেস, ভিতিনহা, ব্রুনো ফার্নান্দেস, বার্নার্দো সিলভা, রুবেন নেভেস।

ফরোয়ার্ড: জোয়াও ফেলিক্স, ফ্রান্সিসকো ত্রিনকাও, পেদ্রো গনকালভেস, রাফায়েল লিয়াও, জিওভানি কুয়েন্দা, পেদ্রো নেতো, ক্রিস্টিয়ানো রোনালদো, দিয়াগো জোতা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR